NARSINGHA

ই-পেপার: www.ekdin-epaper.com

EKDIN

একদিন

এগিয়ে চলার সঙ্গী

এখন বিভিন্ন মাধ্যমে উপলব্ধ
একদিন
Website : www.ekdinnews.com
http://youtube.com/@dailyekdin2165
Epaper : ekdin-epaper.com
দেখুন
শেয়ার এবং সাবস্ক্রাইব করুন

৭ 'ক্রিকেটবিশ্বকে দেখাতে তৈরি' শামি

প্রশ্নের মুখে পড়বেন রোহিত? ভবিষ্যৎ কি আগরকরের হাতে? ৭

কলকাতা ৮ জানুয়ারি ২০২৫ ২৩ পৌষ ১৪৩১ বুধবার অষ্টাদশ বর্ষ ২০৮ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 08.01.2025, Vol.18, Issue No. 208, 8 Pages, Price 3.00

বিধ্বংসী ভূমিকম্পে তছনছ তিব্বত

৭.১ মাত্রার কম্পনে মৃত কমপক্ষে ৯৫ , ক্ষতিগ্রস্ত ৮ লক্ষ, ৪০ বার আফটারশক

লাসা, ৭ জানুয়ারি: ভয়াবহ ভূমিকম্পে বিধ্বংসী অবস্থা তিব্বতের। শেষ পাওয়া খবর পর্যন্ত ৯৫ জনের মৃত্যুর খবর পাওয়া গিয়েছে। আহত অবস্থায় উদ্ধার করা হয়েছে ১৩০ জনকে। ক্ষতিগ্রস্ত হয়েছে হাজারেরও বেশি ঘরবাড়ি। ভূমিকম্পের ধাক্কা কাটিয়ে শুরু হয়েছে উদ্ধারের চেষ্টা। মৃত এবং আহতের সংখ্যা আরও বৃদ্ধি পেতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। মঙ্গলবার সকালে ৭.১ তীব্রতার জোরালো ভূমিকম্পে কেঁপে ওঠে তিব্বত। যার প্রভাব পড়ে নেপাল, ভুটান এবং ভারতেও। সংবাদ সংস্থা রয়টার্স জানিয়েছে, শিগাতসের এই ভূমিকম্পে ক্ষতিগ্রস্ত হয়েছেন অন্তত আট লক্ষ মানুষ। ভূমিকম্পের উৎসস্থল তিব্বতের তিংরি প্রদেশে। এই অঞ্চলটিকে এভারেস্টের উত্তরের প্রবেশদ্বার হিসাবে দেখা হয়।

প্রথম জোরালো ভূমিকম্পের ধাক্কা কাটিয়ে উঠতে না-উঠতে পর পর কম্পন হতে থাকে ওই অঞ্চলে। সংবাদমাধ্যম 'দ্য গার্ডিয়ান' জানিয়েছে, প্রথম ভূমিকম্পের পর ৪০টিরও বেশি কম্পন হয়েছে সেখানে। তার মধ্যে ১৬টি কম্পনের মাত্রা ছিল ৩-এর বেশি। একটি ভিডিয়ো শেয়ার করে রয়টার্স জানিয়েছে, ওই ভিডিয়োটি তিব্বতের লাৎসে শহরের কাছে। ভিডিয়োয় দেখা যাচ্ছে, রাস্তার ধারে দোকান ভেঙে পড়েছে। ধ্বংসাবশেষ ছড়িয়ে-ছিটিয়ে পড়ে রয়েছে রাস্তার উপর। সংবাদমাধ্যম 'দ্য গার্ডিয়ান'-এর এক প্রতিবেদন অনুসারে, ভূমিকম্পের উৎসস্থলের কাছাকাছি অঞ্চলে প্রচুর ভবন ভেঙে পড়েছে।

সাধারণত এই ধরনের জোরালো মাত্রার কোনও ভূমিকম্পের জেরে মারাত্মক ক্ষয়ক্ষতির আশঙ্কা থাকে। চিনের সরকারি সংবাদ সংস্থা জিনহুয়া জানিয়েছে, সরকারি আধিকারিকেরা ভূমিকম্পের জেরে ক্ষয়ক্ষতির পরিমাপ জানার চেষ্টা করছেন। ক্ষতিগ্রস্ত শহরগুলির মৃত এবং আহতের সংখ্যা জানার চেষ্টা চালাচ্ছে প্রশাসন।

তিব্বতে ভূমিকম্পের উৎসস্থল থেকে প্রায় ৪০০ কিলোমিটার দূরে নেপালের রাজধানী কাঠমান্ডু। সেখানেও কম্পন অনুভূত হয়েছে। প্রাণভয়ে বাড়ি ছেড়ে বেরিয়ে আসেন কাঠমান্ডুর বাসিন্দারা। প্রভাব পড়েছে এভারেস্টের পাদদেশে অবস্থিত নেপালের সোলুখুম্বু জেলাতেও। সেখানকার মুখ্য জেলা আধিকারিক অনোজ রাজ ঘিমিরে রয়টার্সকে জানিয়েছেন, সোলুখুম্বুতে জোরালো কম্পন অনুভূত হয়েছে। তবে এখনও পর্যন্ত কারও মৃত্যু বা আহত হওয়ার খবর পাওয়া যায়নি। নেপালের স্থানীয় পুলিশ, নিরাপত্তা বাহিনী এবং স্থানীয় প্রশাসন ক্ষয়ক্ষতির পরিমাণ জানার চেষ্টা করছে। ভুটানের রাজধানী থিম্পু এবং উত্তর-পূর্ব ভারতের বিস্তীর্ণ অঞ্চলে, বিশেষ করে বিহার, উত্তরবঙ্গ, সিকিমের মতো জায়গাগুলিতে কম্পন অনুভূত হয়েছে।

এর আগে ২০২৩ সালের নভেম্বরেও ৬.৪ মাত্রার জোরালো ভূমিকম্প হয় নেপালে। সেই বারের ভূমিকম্পে শতাধিক মানুষের মৃত্যু হয় হিমালয়ের কোলে থাকা এই পাহাড়ি দেশে। ২০০৮ সালে দক্ষিণ পশ্চিম চিনের সিচুয়ান প্রদেশে এক ভূমিকম্পে প্রায় ৭০ হাজার মানুষের মৃত্যু হয়েছিল। ২০১৫ সালে নেপালের কাঠমান্ডুর কাছেও ৭.৮ মাত্রার এক জোরালো ভূমিকম্প হয়। তাতে প্রায় ৯ হাজার মানুষ প্রাণ হারান। আহত হন কয়েক হাজার মানুষ। ক্ষয়ক্ষতির হিসাবে সেটিই নেপালের সবচেয়ে ভয়ঙ্কর ভূমিকম্প। নেপাল, উত্তর-পূর্ব ভারত এবং দক্ষিণ-পশ্চিম চিনে মাঝেমধ্যেই ভূমিকম্পের খবর পাওয়া যায়। বিজ্ঞানীদের একাংশের মতে, ভারতীয় পাতের সঙ্গে ইউরেশীয় পাতের সংঘর্ষের প্রবণতার কারণে এই অঞ্চলে ভূমিকম্পের আশঙ্কা বেশি থাকে।

কম্পন অনুভূত কলকাতা-সহ দক্ষিণবঙ্গে

নিজস্ব প্রতিবেদন: মঙ্গলবার সকালে আচমকা কম্পনে ঘুম ভাঙে শহরবাসীর। কেঁপে ওঠে কলকাতা ও আশপাশের এলাকা। শুধুমাত্র দক্ষিণবঙ্গ নয়, উত্তরবঙ্গেও অনুভূত হয়েছে প্রবল কম্পন। আতঙ্কে রাস্তায় নেমে পড়েন সাধারণ মানুষ। প্রায় ১ মিনিট ধরে অনুভূত হয় কম্পন। শুধুমাত্র পশ্চিমবঙ্গে নয়, পড়শি রাজ্য বিহারেও ব্যাপক কম্পন অনুভূত হয়েছে। কলকাতা, উত্তর ২৪ পরগনা-সহ দক্ষিণবঙ্গে জেলাগুলিতে কম্পন অনুভূত হয়েছে। অন্যদিকে, জলপাইগুড়ি, শিলিগুড়ি, দার্জিলিং, দুই দিনাজপুরের মানুষ এদিন কম্পন অনুভব করতে পারেন।

আজ শুরু গঙ্গাসাগর মেলা

কেন্দ্রের বিরুদ্ধে ফের বঞ্চনার অভিযোগ

কড়া নজরদারির নির্দেশের পাশাপাশি দায়িত্ব ভাগ করে ফিরলেন মমতা

নিজস্ব প্রতিবেদন: আজ থেকেই শুরু হচ্ছে গঙ্গাসাগর মেলা। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে তো বটেই, দেশেরও নানা জায়গা থেকে পুণ্যার্থীরা ভিড় করেন এই মেলায়। গঙ্গাসাগর মেলায় যাতে কোনও বিশৃঙ্খলা বা অপ্রীতিকর ঘটনা না ঘটে, সে দিকে নজর রাখার নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। পুণ্যার্থীরা অনেকেই বাবুঘাট, আট নম্বর লট, কচুবেড়িয়া হয়ে গঙ্গাসাগরে পৌঁছন। মঙ্গলবার মমতা মূলত এই চার নদীঘাটের দায়িত্ব ভাগ করে দেন রাজ্যের মন্ত্রী এবং বিধায়কদের মধ্যে। কে কোন ঘাটে দায়িত্বে থাকবেন, তার তালিকাও দিলেন তিনি। একই সঙ্গে কুম্ভমেলার প্রসঙ্গ টেনে কেন্দ্রকে নিশানা করেন মমতা। মেলার সময় যাতে 'ও পার' থেকে কোনও সমস্যার সৃষ্টি না হয়, সে দিকে নজর রাখার কথাও জানান মুখ্যমন্ত্রী। তার জন্য জল, স্থল এবং আকাশবাহিনীর সঙ্গে স্থানীয় পুলিশ-প্রশাসনকে যোগাযোগ করতে বলেন তিনি।

মেলার প্রস্তুতি খতিয়ে দেখতে সোমবার গঙ্গাসাগর গিয়েছেন মমতা। কপিলমুণির আশ্রম, ভারত সেবাশ্রমেও যান তিনি। মঙ্গলবার কলকাতায় ফিরে আসার আগে গঙ্গাসাগর মেলার প্রস্তুতি, ব্যবস্থাপনা, নিরাপত্তা-সহ বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত তথ্য দেন মুখ্যমন্ত্রী। তিনি জানান, সুন্দরবন পুলিশের পাশাপাশি কলকাতা পুলিশও নিরাপত্তার দায়িত্বে থাকবে। তাঁর কথায়, 'গঙ্গাসাগর মেলা নিয়ে যেন কোনও নেগেটিভ ন্যারেটিভ তৈরি না হয়, তা দেখতে হবে সকলকে। কোনও সমস্যা হলে প্রশাসনকে জানান। সমাধান হবে। কিন্তু বদনাম করবেন না।'

গঙ্গাসাগর মেলা উপলক্ষে মুড়িগঙ্গা নদীর সংস্কার করা হয়েছে। জলপথে যাতে পুণ্যার্থীদের মেলায় আসতে অসুবিধা না হয়, তা মাথায় রেখে সব রকম পদক্ষেপ করা হয়েছে বলেও জানান মমতা। মেলার সময় পর্যাপ্ত চিকিৎসক, এয়ার অ্যাম্বুল্যান্স, ওয়াটার অ্যাম্বুল্যান্স এবং প্যারামেডিক্যাল কর্মীর বন্দোবস্ত থাকবে। বাংলা, হিন্দি, ওড়িয়া, ইংরেজি, তামিল, তেলুগু, মরাঠি ভাষায় ঘোষণার ব্যবস্থাও থাকবে মেলাপ্রাঙ্গণে। তবে এ বার মেলায় প্লাস্টিক ব্যবহারে কড়া নজরদারি চালানো হবে বলে জানান মমতা। পুণ্যার্থীদের জন্য প্লাস্টিক ব্যাগের বদলে পরিবেশবান্ধব ব্যাগের ব্যবস্থা করবে প্রশাসন।

চার নদীঘাটের দায়িত্ব কাকে কাকে দেওয়া হয়েছে, তা জানান মমতা। বাবুঘাটের দায়িত্বে থাকবেন দেবাশিস কুমার, অতীন ঘোষ। কচুবেড়িয়াতে থাকবেন সুজিত বসু, মানস ভুঁইয়া, মণীশ গুপ্ত, গিয়াসউদ্দিন মোল্লা। এ ছাড়াও, লট এইট নদীঘাটের দায়িত্ব দেওয়া হয়েছে ফিরহাদ হাকিম, দিলীপ মণ্ডল, মন্টুরাম পাখিরা, নীলিমা মিস্ত্রি, যোগরঞ্জন হালদার, বাপি হালদারকে। আর মেলাপ্রাঙ্গণের ঘাটের দায়িত্বে রাখা হয়েছে অরূপ বিশ্বাস, পুলক রায়, বঙ্কিম হাজরা, স্নেহাশিস চক্রবর্তী এবং শুভাশিস চক্রবর্তীকে। শুধু মন্ত্রী, বিধায়কেরাই নন, ১০-১২ জন সচিবও দায়িত্বে থাকবেন।

গঙ্গাসাগরে পরিবহণের সুব্যবস্থা করা হয়েছে বলে জানান মুখ্যমন্ত্রী। সরকারি, বেসরকারি মিলিয়ে দু'হাজারের বেশি বাস থাকবে রাস্তায়। জলপথে ১০০টি লঞ্চ, ৩২টি ভেসেল, ৯টি বার্জ থাকবে। ১২টি জেটি তৈরি করা হয়েছে বিভিন্ন জায়গায়। মুড়িগঙ্গায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ থাকবে বলেও জানান মমতা। গঙ্গাসাগর মেলার সময় যাতে কেউ কোনওভাবে

এরপর দুয়ের পাতায়

'সামান্য জ্বর হলেই ভয় দেখিয়ে দিচ্ছে'

নিজস্ব প্রতিবেদন: হিউম্যান মেটানিউমোভাইরাস (এইচএমপিভি) নিয়ে আপাতত চিন্তার কোনও কারণ নেই। মঙ্গলবার গঙ্গাসাগর থেকে কলকাতায় ফিরে জানালেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। একই সঙ্গে 'প্রাইভেট চক্র' নিয়ে সকলকে সতর্ক করলেন তিনি। নাম না করে মুখ্যমন্ত্রী বিভিন্ন বেসরকারি হাসপাতালের 'আকাশছোঁয়া বিল করার' প্রবণতাকে নিশানা করেছেন।

গঙ্গাসাগর থেকে হেলিকপ্টারে হাওড়ার ডুমুরজলাতে নেমে মুখ্যমন্ত্রী নতুন 'চিনা ভাইরাস' নিয়ে রাজ্যের মানুষকে নিশ্চিন্তে থাকতে বলেন। তাঁর কথায়, 'ভাইরাস নিয়ে চিন্তার কোনও কারণ নেই। যদি কোনও চিন্তার কারণ হয়, তবে তা আমরাই জানিয়ে দেব।' ইতিমধ্যেই এই ভাইরাস এবং তার সংক্রমণ নিয়ে প্রশাসন পদক্ষেপ করেছে, তা-ও জানান মমতা। এর পাশাপাশিই সকলকে 'প্রাইভেট চক্র' নিয়ে সচেতন করলেন তিনি। মুখ্যমন্ত্রীর দাবি, 'কিছু প্রাইভেট চক্র আছে, যারা টাকা কামানোর জন্য একটু জ্বর হলেই ভয় দেখিয়ে দিচ্ছে।' সেই ফাঁদে না পড়ার আহ্বান জানিয়েছেন তিনি।

মালদহ সীমান্তে কাঁটাতার বসাতে বাধা বাংলাদেশের

আপাতত পরিস্থিতি শান্ত, কাজ শুরু বিএসএফের

নিজস্ব প্রতিবেদন: মালদহে ভারত-বাংলাদেশ সীমান্তে কাঁটাতারের বেড়া বসানো ঘিরে উত্তেজনা তৈরি হয় মঙ্গলবার। ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ) কাঁটাতার বসাতে গেলে বাংলাদেশের সীমান্তরক্ষী বাহিনী বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) বাধা দেয় বলে অভিযোগ। এই ঘটনাকে ঘিরে সীমান্তবর্তী এলাকায় উত্তেজনার তৈরি হয়। সীমান্তের দু'ধারে জড়ো হন দু'দেশের দুই গ্রামের বাসিন্দারা। তবে আপাতত বিজিবির আপত্তি উড়িয়েই সীমান্তের এ পারে কাঁটাতার বসানোর কাজ শুরু হয়েছে বলেই বিএসএফ সূত্রে খবর। এই প্রসঙ্গে মালদহের জেলাশাসক নিতিন সিংহানিয়া বলেন, 'কাঁটাতারের বেড়া দেওয়ার কাজ চলছে। সমস্যা হয়েছিল। তা সমাধান করা হয়েছে।'

সোমবার মালদহের কালিয়াচক-৩ ব্লকের অন্তর্গত বাখরাবাদ পঞ্চায়েতের সীমান্তবর্তী এলাকায় কাঁটাতার বসানোর কাজ শুরু করে কেন্দ্রের পূর্ত সড়ক বিভাগ এবং বিএসএফ। এলাকাটি বৈষ্ণবনগর থানার আওতাধীন। অভিযোগ, কাজ শুরু হওয়ার পরেই বিজিবি আধিকারিকেরা দাবি করেন, এলাকাটি বাংলাদেশের মধ্যে পড়ে। তাই বিএসএফ সেখানে বেড়া বসাতে পারে না।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, দীর্ঘ দিন ধরেই সীমান্তবর্তী ওই অংশটি অরক্ষিত অবস্থায় ছিল। সীমান্তের এ পারে বৈষ্ণবনগর থানার সুকদেবপুর এলাকা। ও পারে বাংলাদেশের রাজশাহি জেলার শিবগঞ্জ থানার এলাকা। সরকারি নির্দেশ অনুযায়ী আন্তর্জাতিক সীমান্তের কাঁটাবিহীন উন্মুক্ত স্থানে বেড়া দেওয়ার কাজ শুরু করা হয়। বাংলাদেশের সাম্প্রতিক পরিস্থিতি এবং গত কয়েক মাসে একাধিক অনুপ্রবেশের ঘটনার প্রেক্ষিতে বিএসএফের এই পদক্ষেপকে তাৎপর্যপূর্ণ বলেই মনে করছেন অনেকে। প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে, মঙ্গলবার সকালে বিএসএফ এবং বিজিবি আধিকারিকদের মধ্যে কয়েক দফায় আলোচনা হয়। বিজিবিকে বোঝানো হয়, এলাকাটি ভারতের আওতাধীন। তাই সুরক্ষা এবং নিরাপত্তার প্রশ্নে কাঁটাতার বসানো প্রয়োজন। তার পর শুরু হয় বেড়া বসানোর কাজ। প্রশাসন সূত্রে খবর, আপাতত সেখানে পরিস্থিতি শান্ত রয়েছে।

সাংবাদিকের দেহ উদ্ধার উন্নাওয়ে

রায়পুর, ৭ জানুয়ারি: ছত্তিশগড়ের সাংবাদিক মুকেশ চন্দ্রকরের খুনের ঘটনার রেশ এখনও কাটেনি। তার মধ্যেই আরও এক সাংবাদিকের দেহ উদ্ধার হল। এ বার ঘটনাস্থল উত্তরপ্রদেশ। ওই রাজ্যের উন্নাওয়ে সাংবাদিকের বাড়ির সামনে থেকে তাঁর ঝুলন্ত দেহ উদ্ধার হয়। পরিবারের অভিযোগ খুন করা হয়েছে সাংবাদিককে। পুলিশ জানিয়েছে, সাংবাদিকের নাম শুভম শুক্ল (২৪)। ছত্তিশগড়ের মুকেশের মতো শুভমও একটি ইউটিউব চ্যানেল চালাতেন। পরিবারের অভিযোগ, এক বিজেপি নেতার সঙ্গীদের সঙ্গে ঝামেলার পর তাঁকে হুমকি দেওয়া হয়। তার পরই দেহ উদ্ধার হয় শুভমের। বাড়ির কাছে টোটো চার্জিং পয়েন্টে তাঁর ঝুলন্ত দেহ উদ্ধার করেন স্থানীয়েরা।

তিন শুনানি পিছল

নয়াদিল্লি, ৭ জানুয়ারি: সুপ্রিম কোর্টে এ বার পিছিয়ে গেল রাজ্য সরকারি কর্মচারীদের ডিএ (মহার্ঘ ভাতা) মামলার শুনানিও। আগামী মার্চ মাসে শুনানি হবে বলে জানিয়েছে শীর্ষ আদালত। এর আগে মঙ্গলবার ডিএ মামলার পাশাপাশি সুপ্রিম কোর্টে শুনানি হওয়ার কথা ছিল এসএসসির ২৬ হাজার চাকরি বাতিলের মামলা এবং ওবিসি শংসাপত্র মামলা। ওই দু'টি মামলার শুনানিই পিছিয়ে যাওয়ার পরে ডিএ মামলার শুনানিও পিছিয়ে গেল।

দিল্লি বিধানসভা নির্বাচনের দিনক্ষণ ঘোষণা করল কমিশন

৫ ফেব্রুয়ারি এক দফাতে নির্বাচন, ফল ঘোষণা ৮ ফেব্রুয়ারি

নয়াদিল্লি, ৭ জানুয়ারি: দিল্লির বিধানসভা ভোটের নির্ঘণ্ট ঘোষণা করে দিল নির্বাচন। আগামী ৫ ফেব্রুয়ারি এক দফাতেই নির্বাচন হতে চলেছে দিল্লির ৭০টি বিধানসভা কেন্দ্রে। ফল ঘোষণা হবে আগামী ৮ ফেব্রুয়ারি। নির্বাচনের দিনক্ষণ ঘোষণা হয়ে যাওয়ায় মঙ্গলবার থেকেই আদর্শ আচরণবিধি চালু হয়ে গেল দিল্লিতে। ফলে ভোটপ্রক্রিয়া শেষ না-হওয়া পর্যন্ত কোনও সরকারি ঘোষণা করা যাবে না সেখানে।

মঙ্গলবার দেশের মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার সাংবাদিক বৈঠক করে জানান, আগামী ১০ জানুয়ারি আনুষ্ঠানিক ভাবে ভোটের বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। প্রার্থীদের মনোনয়ন জমা দেওয়ার শেষ দিন ১৭ জানুয়ারি। মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন ২০ জানুয়ারি। দিল্লিতে সাধারণত এক দফাতেই বিধানসভা নির্বাচন হয়ে থাকে। পাঁচ বছর আগে, ২০২০ সালের বিধানসভা নির্বাচনেও এক দফায় নির্বাচন হয়েছিল।

নতুন ভোটার তালিকা অনুযায়ী দিল্লিতে মোট ভোটদাতার সংখ্যা ১ কোটি ৫৫ লক্ষ ২৪ হাজার ৮৫৮। এত সংখ্যক ভোটারের জন্য মোট ১৩ হাজার ৩৩টি বুথ থাকবে বলে জানিয়েছে কমিশন। দিল্লির বিধানসভা ভোটে লড়াই এ বার মূলত ত্রিমুখী। টানা তৃতীয় বারের জন্য জয়ী হওয়ার লক্ষ্যে ভোট ময়দানে নামা দিল্লির শাসকদল আম আদমি পার্টি (আপ)-র সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা বিজেপি এবং কংগ্রেসের। গত বিধানসভা ভোটে ৬২টি আসনে জয়ী হয়েছিল আপ। মাত্র ৮টি আসনে জয়ী হয় বিজেপি। কংগ্রেস খাতা খুলতে পারেনি। তবে ১৯৯৮ থেকে ২০১৩ পর্যন্ত একটানা দিল্লির বিধানসভা ভোটে জয়ী হয়েছিল কংগ্রেস। তার পর থেকে জয়ী হয়ে আসছে আপ। এ বার ফের দিল্লি দখলে মরিয়া কংগ্রেস। লোকসভা ভোটে দিল্লিতে জোট করে লড়লেও বিধানসভা ভোটে আপের সঙ্গে জোট হয়নি তাদের। বরং বিজেপি এবং আপকে একাসনে বসিয়ে আক্রমণ শানাচ্ছে হাত শিবির।

অন্যদিকে, কেজরিওয়ালের বাসভবনে 'বিপুল পরিমাণ' খরচ-সহ একাধিক অনিয়মের অভিযোগ তুলে প্রচারের সুর বেঁধে ফেলেছে বিজেপিও।

NARSINGHA
একদিন
এগিয়ে চলার সঙ্গী

শুরু হল আমাদের ফিচার বিভাগ

তবে বর্তমানে আলাদা করে নয় একদিন পত্রিকার
শেষ পৃষ্ঠাটি সাতদিন বিভিন্ন বিষয়ে সেজে উঠবে

রবি — সাহিত্য সংস্কৃতি
সোম — স্বাস্থ্য বীমা
মঙ্গল — শিক্ষা প্রযুক্তি চাকরি
বুধ — ভ্রমণের টুকিটাকি
বৃহস্পতি — বিনিয়োগ ব্যাঙ্কিং
শুক্র — সিনেমা অনুষঙ্গ
শনি — অর্ধেক আকাশ

আপনারা ইউনিকোড হরফে লেখা পাঠান।
শীর্ষকে অবশ্যই "বিভাগ (যেমন গুঞ্জন)" কথাটি উল্লেখ করবেন।
আমাদের ইমেল আইডি : dailyekdin1@gmail.com।

আমি যার দিকে তাকাই ধ্বংস হয়ে যায়: শুভেন্দু

নিজস্ব প্রতিবেদন: 'আমি যার দিকে তাকাই ধ্বংস হয়। শাহজাহান ধ্বংস হয়েছে। কেষ্ট দু'বছর জেল খেটেছে। এবার এই চোরটার কী অবস্থা করব আপনারা দেখে নেবেন।' নাম না নিয়েও নন্দীগ্রামে দাঁড়িয়ে শেখ সুফিয়ানকে এ ভাষাতেই আক্রমণ করতে দেখা গেল বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে। প্রসঙ্গত, এদিন ৭ জানুয়ারি ২০০৭ সালের নন্দীগ্রাম ভূমিরক্ষা আন্দোলনের শহিদের উদ্দেশ্যে শহিদ স্মরণ দিবসের আয়োজন করা হয়েছিল নন্দীগ্রামে। সেখানেই গিয়েছিলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

এদিকে মঙ্গলবার শহিদ স্মরণ অনুষ্ঠানকে কেন্দ্র করে সাত সকালে তিক্ত হয়ে ওঠে নন্দীগ্রামের রাজনৈতিক আবহাওয়া। নন্দীগ্রামের ভাঙাবেড়ায় ৭ জানুয়ারি সিপিআইএমের দুষ্কৃতীদের গুলিতে নিহতদের স্মরণ করে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে বেলাগাম ভাষায় আক্রমণ করতেও দেখা যায় স্থানীয় তৃণমূল নেতা শেখ সুফিয়ানকে। পালটা শুভেন্দুর হুমকি দিয়ে এও বলেন, 'একটা চোর জাহাজ বাড়ি করেছে। অসংখ্য বউ। দেবব্রত মাইতির খুনের মামলায় শর্তাধীন জামিনে আছে। এবার এই চোরটার কী অবস্থা করব আপনারা দেখে নেবেন।'

এদিকে মঙ্গলবার সূর্যোদয়ের আগে নন্দীগ্রামের ভাঙাবেড়ায় শহিদ স্মরণ অনুষ্ঠান মঞ্চ থেকে শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে নন্দীগ্রামে সাম্প্রদায়িক বিভাজন করার অভিযোগ তোলেন তৃণমূল নেতারা। শুভেন্দুকে আক্রমণ করতে গিয়ে মাত্রা ছাড়িয়ে যান তৃণমূল নেতা শেখ সুফিয়ান। তিনি বলেন, 'যদি ভরত মণ্ডল আজ বেঁচে থাকত, তোদের মুখে লাথি মারত। এই নির্লজ্জ বেহায়া শুভেন্দু অধিকারীর মুখে লাথ মারত। কারণ, যারা খুনি, তারা আসবে সেই শহিদ বেদিতে মালা দিতে এটা হয় না। শহিদদের নিয়ে নিজের রাজনৈতিক অস্তিত্ব বাঁচানোর লড়াই করছে।'

তৃণমূলের অনুষ্ঠান শেষ হওয়ার কিছুক্ষণ পর বিজেপির শহিদ স্মরণ অনুষ্ঠানে যোগদান করেন স্থানীয় বিধায়ক শুভেন্দু অধিকারী। এরপর সেই মঞ্চ থেকেই শেখ সুফিয়ানকে পালটা আক্রমণ করেন রাজ্যের বিরোধী দলনেতা। যদিও শুভেন্দুর আক্রমণের পর ছেড়ে কথা বলেননি সুফিয়ানও। পাল্টা শুভেন্দুকে 'বহুরূপী' বলে কটাক্ষ করেন তমলুক জেলা তৃণমূলের সাধারণ সম্পাদক।

কেন্দ্রের বিরুদ্ধে ফের বঞ্চনার অভিযোগ

প্রথম পাতার পর

নিরাপত্তা বিঘ্নিত করতে না পারেন, সে দিকে নজর রাখার কথা বলেছেন তিনি। তা বলতে গিয়েই নাম না করে টেনেছেন বাংলাদেশের প্রসঙ্গ। ও পার বাংলার বিশৃঙ্খল পরিস্থিতির আঁচ যেন গঙ্গাসাগরে এসে না পৌঁছয়, তা দেখার দায়িত্ব যেমন প্রশাসনের, তেমনই কেন্দ্রীয় নিরাপত্তাবাহিনীরও, মনে করিয়ে দেন মুখ্যমন্ত্রী। তাঁর কথায়, 'দেখে নিতে হবে কেউ যেন কোনও রকম ক্ষতি করতে না পারে। আমি কোস্ট গার্ড, নেভিকে বলেছি, যাতে ও দিক থেকে এ দিকেও কোনও অসুবিধা না হয়। জলও খেয়াল রাখতে হবে। জল, স্থল, আকাশ সবটাই খেয়াল রাখতে হবে।'

গঙ্গাসাগর নিয়ে কেন্দ্রের বিরুদ্ধে আবার বঞ্চনার অভিযোগ তুললেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন, 'কেন্দ্র কুম্ভমেলাকে জাতীয় মেলা হিসাবে ঘোষণা করেছে। কুম্ভমেলার সব খরচ কেন্দ্রের। গঙ্গাসাগরও জাতীয় মেলার স্বীকৃতি পাবে এক দিন, আশা করছি। এ ব্যাপারে কেন্দ্রকে বার বার চিঠি দিয়েছি। কিন্তু বাংলা সব সময়ই বঞ্চিত।' কপিলমুণির আশ্রমের সামনের জায়গা পাকা করার দায়িত্ব নিজেদের নেওয়ার অনুরোধ করেন মমতা। তিনি বলেন, 'অনেকেই কপিলমুণির আশ্রমে প্রচুর অর্থ দান করেন। এ বছর অন্তত সেই অর্থ থেকে কিছুটা দিয়ে আশ্রমের সামনের অংশ তৈরি করুক।' মঙ্গলবার একগুচ্ছ প্রকল্পের ঘোষণা করেন মুখ্যমন্ত্রী। সাগর ব্লকে ১৭টি অঙ্গনওয়াড়ি কেন্দ্র, রাস্তা, মণি, দ্বারকা, পিয়ালি, সুন্দরী নদীর উপর ৩টি সেতু তৈরি করা হবে বলেও জানান তিনি।

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

নাম-পদবী

গত ৩১/১২/২৪ S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে ১৭৫১৮ নং এফিডেভিট বলে Indra Dev Singh Yadav S/o. Jang Bahadur Singh Yadav ও Indradeo Singh Yadav S/o. J. Singh Yadav সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

নাম-পদবী

গত ১৯/১২/২৪ S.D.E.M., সদর, হুগলী কোর্টে ৪০ নং এফিডেভিট বলে আমি Shyamal Bhakta ঘোষণা করিয়াছি যে, আমার পিতা Ramesh Bhakta, Ramesh Chandra Bhakta ও Sh R. C. Bhakta সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছেন।

নাম-পদবী

গত ০৩/০১/২৫ S.D.E.M., সদর, হুগলী কোর্টে ০৫ নং এফিডেভিট বলে Srikrishna Kundu S/o. Nityagopal Kundu ও Krishna Kundu S/o. N. G. Kundu সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

নাম-পদবী

গত ০৬/০১/২৫ S.D.E.M., সদর, হুগলী কোর্টে ১৮ নং এফিডেভিট বলে Manojit Das S/o. Nishikanta Das ও Monojit Das S/o. N. K. Das সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

নাম-পদবী

গত ০৩/০১/২৫ S.D.E.M., সদর, হুগলী কোর্টে ৬৯ নং এফিডেভিট বলে Subir Das S/o. Jiban Das ও Subir Kr Das S/o. K. Das সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

নাম-পদবী

I, Sekh Akkas Ali & Sk Akkas Ali S/o. Sekh Liyakat Ali and my son Sohel Akkas Shaikh & Sk Sohel Ali S/o. Sekh Akkas Ali @ Sk Akkas Ali R/o. Joyrambati, Kankrakhuli, Dhaniakhali, Hooghly-712302, all are the same & one identical person vide an affidavit no. 8546 sworn before Judicial Magistrate, Sadar, Hooghly Court on 23/12/2024.

নাম-পদবী

গত ০৩/০১/২৫ S.D.E.M., সদর, হুগলী কোর্টে ১১ নং এফিডেভিট বলে Tapas Bhakta S/o. Madan Mohan Bhakta ও Tapas Kr. Bhakta S/o. M. Bhakta সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

নাম-পদবী

গত ০৬/০১/২৫ S.D.E.M., সদর, হুগলী কোর্টে ১৪ নং এফিডেভিট বলে Dipanjalli Aich W/o. Monojit Aich ও Dipanjalli Das D/o. Somnath Das সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

নাম-পদবী

গত ২৩/১২/২০২৪ S.D.E.M., সদর, হুগলী কোর্টে ০৭ নং এফিডেভিট বলে Ganesh Chandra Samanta S/o. Satya Samanta ও Ganesh Samanta S/o. Satya Narayan Samanta সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

নাম-পদবী

গত ০৬/০১/২৫ S.D.E.M., সদর, হুগলী কোর্টে ০৬ নং এফিডেভিট বলে Debabrata Sur ও Debabrato Sur S/o. Alok Sur সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

নাম-পদবী

গত ১৬/১২/২০২৪ S.D.E.M., সদর, হুগলী কোর্টে ৩৪ নং এফিডেভিট বলে Tarun Kumar Dey S/o. Haradhan Dey ও Tarun Dey S/o. H. Dey সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

নাম-পদবী

LICI পলিসি নং ৪২৬৩৬৪৭৭১ এতে আমার স্বামীর নাম Pamjab Sk, পিতা- Lt. Tayeb Sk, এবং নমিনী স্থানে আমার নাম Saahera Bibi আছে। গত ইং ১৩/০৯/২০২৪ বহরমপুর SDEM(S) কোর্টের এফিডেভিট বলে আমি Sahera Bibi, স্বামী Late Panjar Mondal শশুর Late Toimuddin Mondal নামে পরিচিত হইল।

আমমোক্তারনামা

আমার মক্কেল মুর্শিদা খাতুন পিতা মোস্তফা আলি 11487/24 দলিল বরাবর Power of Attorney মইনুল বিশ্বাস পিতা জলিল নং 19298/2023 J.L No 81, খঃ নং 20687, দাগ নং 1627, পরিমান .353 Power of Attorney বিপক্ষে কোন আপত্তি থাকিলে ১৫ দিনের মধ্যে নিম্ন লিখিত নম্বারে যোগাযোগ করুন

Subhojit Pal, Advocate. Judge Court Berhampore, M-9732537644

আমমোক্তারনামা

আমার মক্কেল মিলন পাল, পিতা প্রশান্ত পাল 8312/24, Power of Attorney ১) অভিজিৎ বিশ্বাস, পিতা মোহিত বিশ্বাস ২) দিপঙ্কর দত্ত, পিতা দিলীপ কুমার দত্ত, ৩) বিপুলা কর্মকার, স্বামী শম্ভুনাথ কর্মকার Power of Attorney No 15719/22, 150/22, J.L. No 97, খঃ নং 7395, 10225, দাগ নং 3111 Power of Attorney বিপক্ষে কোন আপত্তি থাকিলে 15 দিনের মধ্যে নিম্ন লিখিত নম্বরে যোগাযোগ করুন।

Subhojit Pal, Advocate. Judge Court Berhampore, M-9732537644

আমমোক্তারনামা

আমার মক্কেল সম্পা কোনাই, স্বামী মনোরঞ্জন কোনাই 14736/2023 A.D.S.R অফিস দলিল বরাবর Power of Attorney ১) অভিজিৎ বিশ্বাস পিতা মোহিত বিশ্বাস ২) দিপঙ্কর দত্ত পিতা দিলীপ কুমার দত্ত ৩) বিপুলা কর্মকার, স্বামী শম্ভুনাথ কর্মকার Power of Attorney No 15719/22, 150/22 Power of Attorney NO J.L 97, খঃ নং 7395, 10225, দাগ নং 3111, পরিমান .0276। উক্ত বয়ানে কোন আপত্তি থাকিলে 15 দিনের মধ্যে নিম্ন লিখিত নম্বারে যোগাযোগ করুন।

Subhojit Pal, Advocate. Judge Court Berhampore, M-9732537644

আমমোক্তারনামা

আমার মক্কেল নাইরা সাদাক, সামিয়া নাজ, পিতা সামিউল্লাহ লস্কর 3718, 3846, 3847/2024 দলিল বরাবর সম্পত্তি খরিদ করিয়াছেন। উভয়ের দলিলের Power of Attorney আমজাদ সেখ পিতা আমির সেখ J.L 79, খঃ নং 15177, দাগ নং 442, পরিমান .0103, .0103, .0103 Power of Attorney বিপক্ষে কোন আপত্তি থাকিলে 15 দিনের মধ্যে নিম্ন লিখিত নম্বারে যোগাযোগ

Subhojit Pal, Advocate. Judge Court Berhampore, M-9732537644

E-TENDER

E- Tenders are invited by the Prodhan, Shikarpur Gram Panchayat (Under Karimpur- I Panchayat Samity), Shikarpur, Nadia. **NIET No. 07/2024-25, 08/2024-25,** Last date of submission **20.01.2025 up to 6p.m.** visit **www.wbtenders.gov.in** For details please contact to the office.

Sd/- Prodhan, Shikarpur Gram Panchayat.

আজকের দিনটি কেমন যাবে?

আজ ৮ ই জানুয়ারি। বুধ বার। ২৩ শে পৌষ, নবমী তিথি। জন্মে মেষ রাশি। অষ্টোত্তরী শুক্র যমহাদশা ও বিংশোত্তোরী কেতু র মহাদশা কাল। মৃতে দোষ নেই।

মেষ রাশি : এক বান্ধবের পূর্ণ সহযোগিতায় কোন আইনি বিষয় থেকে লাভ প্রাপ্তি। অর্থ বৃদ্ধি। বাণিজ্য বৃদ্ধি। গৃহ সরঞ্জাম কেনার জন্য পরিবারে আনন্দ বৃদ্ধি। সন্ধ্যার পর নিমন্ত্রিত অতিথি দ্বারা শান্তির বাতাবরণ। বিদ্যার্থীদের জন্য শুভ। জয় তারা জয় তারা বলুন পথ চলুন।

বৃষ রাশি : আজ কর্মে সুনাম বৃদ্ধি। উর্ধ্বতন কর্তৃপক্ষের দ্বারা প্রশংসিত হবেন পুরাতন বান্ধবের দ্বারা সম্মান প্রাপ্তি যোগ। যে প্রতিবেশী কিছুদিন আগে মুখ ফিরিয়ে নিয়েছিলেন, তিনি আজ আপনার বন্ধুর জায়গায় থাকবেন। প্রেমের সফলতা প্রাপ্তি। দেবতা গণেশের চরণে ১০৮ দুর্বা দিন। হলুদ পুষ্প দিন। অতীব শুভ হবে।

মিথুন রাশি : সচেতন ভাবে আজ পথ চলুন। ধৈর্য সহ আজ কথা বলুন। অন্যের কথার গুরুত্ব দিন। অর্থনৈতিক লাভ প্রাপ্তি হবে। বাণিজ্যে নতুন পথের সুযোগ বৃদ্ধি। যারা প্রশাসনিক কর্মে আছেন বা কোন প্রতিনিধি মূলক কর্মে আছেন তাদের সম্মান প্রাপ্তির দিন। এক প্রভাবশালী মানুষের সহায়তা লাভ। হরে কৃষ্ণ হরে কৃষ্ণ বলুন পথ চলুন বিপদ নাশ হবে।

কর্কট রাশি : কর্মে সম্মান বৃদ্ধি। বিদ্যায় শুভত্ব বৃদ্ধি। এক শিক্ষকের আচরণে সম্মান বৃদ্ধি। কোন এনজিওর দ্বারা সম্মান বৃদ্ধি। পরিবারের শান্তির বাতাবরণ। যে গৃহ সরঞ্জাম কিনবেন বলে ঠিক করেছেন, তা আজ ক্রয় করুন। দেবতা ভগবান বিষ্ণুর চরণে তুলসীপত্র দিন।

সিংহ রাশি : আজ দৈব আশীর্বাদ প্রয়োজন। কর্মে যে জটিলতা সৃষ্টি হয়েছে, তা থেকে মুক্তির কারণে দৈব আশীর্বাদ চাই। যে বৃদ্ধ প্রবীণ নাগরিক আপনাকে নতুন পথের সন্ধান দেখিয়েছেন। তার কথা মান্যতা দিন শুভ হবে। আপনার নামে নয়, এমন কোন সম্পদ থেকে অর্থ প্রাপ্তির সম্ভাবনা। নেত্র কণ্ঠ মুখ গহবর পীড়া থেকে সতর্কতা। ভগবান শ্রী গনেশের চরণে ১০৮ দুর্গা দিন শুভ হবে।

কন্যা রাশি : ছোট চিন্তা করবেন না। বড় ভাবুন। এগিয়ে চলুন। পরিবার আজ আপনাকে সহযোগিতা করবে না। বন্ধু-বান্ধব থেকে সতর্ক থাকুন। দুপুরের পর সন্ধ্যা পর্যন্ত বিবাদ বিতর্ক বৃদ্ধি। কর্মে যে নতুন দায়িত্ব নিয়েছেন, তা পালনে সচেষ্ট থাকলে, শুভ হবে। বিদ্যার্থীদের জন্য শুভ বিশেষত যারা উচ্চ বিদ্যায় আছেন তাদের জন্য শুভ। হরি ওম হরি ওম, বলুন পথ চলুন।

তুলা রাশি : অতি উৎসাহ ব্যঞ্জক দিন। বন্ধু-বান্ধবের সহযোগিতা। পরিবারের সকল সদস্যের সহযোগিতা। সন্তানের বিদ্যালয়ে যে সমস্যা ছিল, সেখান থেকে মুক্তির পথ। যারা আইন বিদ্যা নিয়ে পড়াশোনা করছেন তাদের সম্মান বৃদ্ধি। দোকান বাণিজ্য ব্যবসায় অর্থ প্রাপ্তি-অর্থ বৃদ্ধি। পরিবারে আমন্ত্রিত ব্যক্তির দ্বারা সম্মান বৃদ্ধি যোগ। ১০৮ বার দেবী মহাকালী মন্ত্র বলুন এগিয়ে চলুন।

বৃশ্চিক রাশি : সমাজে সম্মান বৃদ্ধি। সুনাম বৃদ্ধির দিন।যারা রাজনৈতিকভাবে নেতৃত্ব দেওয়ার মানসিকতা তৈরি করেছেন, তারা আজ প্রভাবশালী মানুষের সহায়তা লাভ করবেন। ব্যবসা-বাণিজ্য বৃদ্ধি হবে। কালী মন্দিরে দান করুন।

ধনু রাশি : ফোন কল, ফ্যাক্স, ইমেইল ইন্টারনেট, দ্বারা শুভ সংবাদ প্রাপ্তি। সমস্যার সমাধান হয়ে পড়বে। যে প্রবীণ মানুষের সহযোগিতার আশা করেছিলেন, তিনি সহযোগিতা করবেন। সম্পত্তি বিক্রয় নিয়ে ধৈর্য ধরুন শুভ হবে। লাল বস্ত্র কাপড় দান করুন মন্দিরে।

মকর রাশি : এমন একটি সুযোগ আজ পাওয়া যাবে যেটা আপনি বহুদিন ধরে ভেবে এসছিলেন। কোন আইনি বিবাদ মিটে যাবে। পরিবারে যদি বিচ্ছেদের কোন মামলা চলে, সেখানে শুভ ফলপ্রাপ্তি। এরপরে নতুন কিছুর বিরাট সম্ভাবনা। প্রবল সামাজিক সম্মান বৃদ্ধি। বিদ্যার্থীদের জন্য শুভ। যারা কর্মের আবেদন করেছেন, তাদের জন্য শুভ হবে। কৃষ্ণ মহামন্ত্র বলুন এগিয়ে চলুন।

কুম্ভ রাশি : টাকা পয়সা যা আটকে ছিল তা পাওয়ার সম্ভাবনা প্রবল। শিক্ষক অধ্যাপকদের কাছে নতুন সুযোগ বৃদ্ধি। যারা এনজিওতে সোশ্যাল সার্ভিস দেন তাদের সম্মান বৃদ্ধি যোগ। কর্মের নতুন পথের সন্ধান প্রাপ্তি। যারা রাজনীতি করতে চান তারা জয়েন করতে পারেন। ১০৮ তুলসী পত্র দিন ভগবান শ্রী গনেশ কে।

মীন রাশি : বহুদিন ধরে চলে আসা লড়াইয়ে, কিছুটা স্বস্তি আপনি পাবেন। দাম্পত্য জীবনে যাদের বিচ্ছেদের মামলা চলছে, তারাও শান্তির বাতাবরণ পাবেন। বিদ্যার্থীদের জন্য শুভ। ব্যবসায়ীদের জন্য শুভ।

ঘোষণা- এই পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের সত্যতা সম্পর্কে এজেন্ট বা পত্রিকা কর্তৃপক্ষ কোনওভাবে দায়বদ্ধ নয়।

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

উত্তর ২৪ পরগনা

অ্যাড কানেক্সন
সন্তোষ কুমার সিং
হোম নং -৩, বিএল নং-১৮, মেঘনা মোড়, পোস্ট ও থানা-জগদ্দল, উত্তর ২৪ পরগনা, ফোন- ৮৩৩৬০ ৮৮৭২১
ইমেইল- adconnexon@gmail.com

এ.এন. বিজ্ঞাপন গ্রহনকেন্দ্র
সেখ আজাহার উদ্দিন, বারাসাত, জেলা- উত্তর ২৪ পরগনা, কলকাতা-৭০০১২৪, মোঃ- ৯৭৩৩৬৫২৬৩৬

হুগলি

মা লক্ষ্মী জেরক্স সেন্টার, সবাণী চ্যাটার্জি, ঠিকানা কোর্টের ধার ওল্ড জেলা পরিষদ, চুঁচুড়া, জেলা হুগলি, পিন: ৭১২১০১, মোঃ ৯৪৩৩১৬৮৯১৮।

জিৎ অ্যাডভার্টাইজিং এজেন্সি, প্রসেনজিৎ সামন্ত, ঠিকানা- দলুইগাছা, সিঙ্গুর, বন্ধন ব্যাঙ্কের পাশে, জেলা- হুগলী, পশ্চিমবঙ্গ, মোঃ ৯৮৩১৬৯৯২৪৪

নদিয়া

টাইপ কর্ণার, নিরঞ্জন পাল, ঠিকানা : কালেক্টরি মোড়, এসপি বাংলোর বিপরীতে, পোঃ কৃষ্ণনগর, জেলাঃ নদিয়া, পিন: ৭৪১১০১, মোঃ ৯৪৭৪৩৩৪৯৭৮

বুনো শুয়োরের অতর্কিতে হানায় তছনছ আলু খেত

নিজস্ব প্রতিবেদন, হাওড়া: হাওড়ার শস্য ভাণ্ডার হিসাবে পরিচিত উদয়নারায়ণপুর ও আমতা দুই নং ব্লক। এই এলাকার কয়েক হাজার চাষি এবার আলু চাষ করেছেন। কিন্তু সূর্য ডুবলেই বুনো শুয়োরের অতর্কিতে হামলার জেরে তছনছ হয়ে যাচ্ছে আলু খেত। আমতা দুই ব্লকের ধাঁইপুর, মৈনান, সেহাগড়ি, জয়পুর, ঝিকিরা সহ বিস্তীর্ণ এলাকায় এবার আলু চাষ হয়েছে। এমনিতেই এবছর ওই এলাকায় বন্যা হওয়ার জন্য আমন ধান ঘরে ওঠেনি।

রামপুর খাল ও দামোদর নদের বিস্তীর্ণ চর এলাকায় আলু ও শীতকালীন শস্য চাষ করেছেন তাঁরা। শীতকালীন শস্যের অনেকটা অংশ বাজারে এসেছে। আর আলু সবেমাত্র বসানো হয়েছে। কিন্তু আলুচাষিদের এখন শিরে সংক্রান্তি অবস্থা। রাত জেগে খেত পাহারা দিতে হচ্ছে। এই ঠান্ডা উপেক্ষা করে অনেকে তাঁবু বেঁধে থাকছেন। কেউ কেউ আলুর খেতে রাত্রে হ্যারিকেন জ্বালিয়ে রাখছেন। তবু কিছুতেই আটকানো যাচ্ছে না বুনো শুয়োরের হানা। দল বেঁধে এসে মাটি খুঁড়ে আলু তুলে খেয়ে নিচ্ছে। ইতিমধ্যেই শতাধিক বিঘা জমির আলু নষ্ট হয়ে গিয়েছে বলে জানিয়েছেন হাওড়া জেলা পরিষদের প্রাক্তন কৃষি কর্মাধ্যক্ষ রমেশ চন্দ্র পাল। তাঁর নিজের ও আলু খেতে বুনো শুয়োর হানা দিয়ে তছনছ করেছে বলে জানান তিনি।

প্রবীণ আলুচাষি লদীকান্ত মালিক জানান, ইদানিং কালে শুয়োরের আক্রমন বেড়ে গিয়েছে। উল্লেখ্য, শুয়োরের আক্রমণ বেশি হয়েছে ধাঁইপুর, মৈনান এলাকায়। বুনো শুয়োরের সমস্যা মেটানোর জন্য কোনও গাইড লাইন নেই বলে জানিয়েছেন বন দপ্তরের আধিকারিকরা। সদুত্তর দিতে পারেনি কৃষি দপ্তরও। ফলে হতাশ কয়েক হাজার আলুচাষি।

চালকবিহীন মেট্রো তৈরি টিটাগড় রেল সিস্টেমের

নিজস্ব প্রতিবেদন: ১৯৮৪ সালে ইন্দিরা গান্ধির আমলে ভারতের প্রথম মেট্রোরেল চলেছিল এই কলকাতায়। মেট্রো নিয়ে বরাবরের বিপ্লব এই কলকাতাতেই। তবে এবার চালকবিহীন মেট্রো তৈরি করে ফেলল টিটাগড় রেল সিস্টেম। সোমবার নিজেদের তৈরি 'মেক-ইন-ইন্ডিয়া' ট্রেনসেট বেঙ্গালুরু মেট্রো কর্তৃপক্ষের হাতে তুলে দিল এই সংস্থা। ভারতের সমস্ত গুরুত্বপূর্ণ শহরে মেট্রো পরিষেবা শুরু করতে কোমর বেঁধে কাজ করছে মোদী সরকার। আর মেক ইন ইন্ডিয়ার মন্ত্রে সেজন্য প্রায় সমস্ত প্রযুক্তি ও যন্ত্রাংশ তৈরি হচ্ছে এদেশেই। এবার দেশে প্রথম চালকবিহীন মেট্রো ট্রেন তৈরি করে নজির গড়লেন টিটাগড় রেল সিস্টেমসের ইঞ্জিনিয়ার ও কর্মীরা। স্টেনলেস স্টিলের তৈরি এই ট্রেনটি বেঙ্গালুরু মেট্রোর ইয়োলো লাইনে চলবে। আপাতত ১৮ কিলোমিটার রেলপথে যাতায়াত করবে ট্রেনটি।

এদিনের এই অনুষ্ঠানে ভার্চুয়ালি হাজির ছিলেন কেন্দ্রীয় আবাসন ও নগরোন্নয়ন মন্ত্রী মনোহর লাল খট্টরও।

এই অনুষ্ঠান থেকেই কেন্দ্রীয় মন্ত্রী বলেন, 'প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বিকশিত ভারতের স্বপ্নের লক্ষ্যে একটিগুরুত্বপূর্ণ পদক্ষেপ স্বয়ংক্রিয় মেট্রো ট্রেনসেট। অত্যাধুনিক প্রযুক্তিতে তৈরি এই কোচগুলি ভারতের শহরাঞ্চলীয় যোগাযোগ ব্যবস্থায় বিপ্লব আনবে বলে দাবি করেন তিনি। এই ট্রেন তৈরির মাধ্যমে টিটাগড় রেল সিস্টেমস বা টিটাগড় ওয়াগানের মুকুটে আরও একটা পালক জুড়ল। আগামী পাঁচ বছরে মেট্রো রেলের যোগাযোগ ও উন্নয়নে আমেরিকাকেও ছাপিয়ে যাবে ভারত। ইতিমধ্যে শুধুমাত্র বেঙ্গালুরুতেই এক হাজার কিলোমিটার মেট্রো যোগাযোগ ব্যবস্থা তৈরি হয়ে গিয়েছে। অত্যাধুনিক প্রযুক্তির ব্যবহার বিকাশ আনছে ভারতের এই যোগাযোগ ব্যবস্থায়। তার ফলই এই নতুন প্রযুক্তির চালকহীন মেট্রো।'

এই প্রসঙ্গে টিটাগড় রেল সিস্টেমের ম্যানেজিং ডিরেক্টর উমেশ চৌধুরী বলেন, 'এই ট্রেনটি অত্যন্ত অত্যাধুনিক প্রযুক্তির দ্বারা নির্মিত, যা ট্রেনটি চালক ছাড়াই স্বয়ংক্রিয়ভাবে চলতে সাহায্য করবে।' উল্লেখ্য, রেল কোচ ও ট্রেন প্রযুক্তি নির্মাণ সংস্থা রূপেই পরিচিতি টিটাগড় রেল সিস্টেমের। এর আগেও একাধিক বৈপ্লবিক প্রযুক্তির সঙ্গে ভারতীয় রেলের মেলবন্ধন ঘটিয়েছে এই সংস্থা। প্রতি বছর অন্তত পক্ষে ৪০০ কোচ তৈরি হয় এই সংস্থার কারখানায়। এছাড়াও, রেলে নানা যন্ত্রাংশ নির্মাণের কাজও করে থাকে তারা।

ডেপুটেশন তৃণমূল শ্রমিক সংগঠনের

নিজস্ব প্রতিবেদন, কাঁকসা: একগুচ্ছ দাবিতে মঙ্গলবার পানাগড় স্টেশন সংলগ্ন একটি রেলের স্লিপার তৈরির কারখানার আধিকারিকদের কাছে ডেপুটেশন দিলেন তৃণমূল শ্রমিক সংগঠনের কর্মী সমর্থকরা। এদিন এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন পশ্চিম বর্ধমান জেলার তৃণমূলের শ্রমিক সংগঠনের জেলা সভাপতি অভিজিৎ ঘটক, উপস্থিত ছিলেন তৃণমূল নেতা দীপঙ্কর লাহা, পল্লব বন্দ্যোপাধ্যায় সহ পানাগড় জিপিটি কারখানার শ্রমিক সংগঠনের কর্মী সমর্থকরা।

মঙ্গলবার বিকেলে জেলা সভাপতি কারখানার গেটের সামনে তৃণমূলের শ্রমিক সংগঠনের দলীয় পতাকা উত্তোলন করার পাশাপাশি শ্রমিকদের নিয়ে একটি সভা করেন। সভা শেষে শ্রমিকদের নিয়ে কারখানার আধিকারিকদের সঙ্গে বৈঠক করার পর কারখানার আধিকারিকের কাছে ডেপুটেশন জমা দেন। ডেপুটেশন শেষে তিনি সংবাদমাধ্যমকে জানান, কারখানায় বহু শ্রমিক অবসর গ্রহণ করেছেন। তারপর থেকে কারখানায় পার্মানেন্ট শ্রমিকের সংখ্যা কম হয়ে গিয়েছে। যার কারণে পার্মানেন্ট শ্রমিকের সংখ্যা কম থাকায় এই বিষয়ে যাতে দীর্ঘদিন ধরে কাজ করে চলা শ্রমিকদের পার্মানেন্ট করা যায় সঠিক নিয়ম মেনে সেই বিষয়ে তাঁরা দাবি জানিয়েছেন।

পাশাপাশি যে সমস্ত বিভাগে এখনও কর্মখালি রয়েছে সেই সমস্ত বিভাগগুলিতে শ্রমিক নিয়োগের দাবি জানানো হয়েছে। পাশাপাশি শ্রমিকদের সুরক্ষার বিষয়ে আলোচনা করা হয় এদিন। যাতে কাজের সময় হঠাৎ কোনও দুর্ঘটনা ঘটলে যাতে কোনও শ্রমিকের প্রাণহানি না হয়। এছাড়াও শ্রমিকদের সুবিধার্থে বেশ কিছু বিষয় নিয়ে এদিন আলোচনা হয়। তিনি জানিয়েছেন, কারখানার আধিকারিকরা সাতদিনের সময় চেয়েছেন। সাতদিনের ভেতরে তারা কোন কোন বিষয়গুলি দ্রুত সমাধান করবেন, সেই বিষয়ে তাঁরা জানাবেন বলে তাঁদের আশ্বাস দিয়েছেন।

ব্যারাকপুরে দুটি ট্রাফিক আইল্যান্ডের উদ্বোধন

নিজস্ব প্রতিবেদন: ঐতিহাসিক শহর ব্যারাকপুর। সিপাহী বিদ্রোহের সূচনা হয়েছিল এই ব্যারাকপুরেই। তাই এই শহরকে ঘিরে রয়েছে স্বাধীনতা সংগ্রামের ইতিহাস। ইতিহাসের অজানা তথ্য ও স্মৃতি তুলে ধরার উদ্যোগ নিয়েছে ব্যারাকপুর ক্যান্টনমেন্ট বোর্ড। সোমবার উক্ত বোর্ডের তরফে ব্যারাকপুর ধোবিঘাট সংলগ্ন এলাকায় নয়া ফেরি চকের উদ্বোধন করা হয়। ব্যারাকপুর মডার্ন স্কুলের সহযোগিতায় মঙ্গলবার নবরূপে সজ্জিত দুটি ট্রাফিক আইল্যান্ডের উদ্বোধন করেন ক্যান্টনমেন্ট বোর্ডের সিইও জ্যোতি কাপুর। এদিন টাইগার ও মঙ্গল পাণ্ডে চকের উদ্বোধনী অনুষ্ঠানে হাজির ছিলেন মডার্ন স্কুলের শিক্ষক-শিক্ষিকা ও পড়ুয়ারা। এদিন ক্যান্টনমেন্ট বোর্ডের সিইও জ্যোতি কাপুর বলেন, ব্যারাকপুর একটা ঐতিহাসিক শহর। সেই শহরের স্বাধীনতা সংগ্রামের অনেক অজানা তথ্য কিংবা স্মৃতি অনেকের অজানা। পুরানো সেই ঐতিহাসিক কাহিনী নতুন প্রজন্মের কাছে তুলে ধরতেই তাদের এই উদ্যোগ।

কফিনবন্দি দেহ ফিরল জওয়ানের

নিজস্ব প্রতিবেদন, দুর্গাপুর: কফিনবন্দি হয়ে মঙ্গলবার লাউদোহার মাধাইগঞ্জ গ্রামে ফিরল শহিদ জওয়ানের মরদেহ।

সোমবার সুদূর ছত্রিশগড়ে মারা যান সিআরপিএফ জওয়ান অজয় কুমার ঘোষ (৫৬)। মঙ্গলবার বিকেল চারটে নাগাদ কফিনবন্দি হয়ে তাঁর মরদেহ আসে দুর্গাপুর ফরিদপুর (লাউদোহা) ব্লকের গোগলা পঞ্চায়েতের মাধাইগঞ্জ গ্রামে। পরিবারের পাশাপাশি এলাকার বহু মানুষ শহিদ জওয়ানকে শেষ শ্রদ্ধা জানান। মাধাইগঞ্জ গ্রাম থেকে দেহটি নিয়ে যাওয়া হয় পাশের নতুনডাঙা গ্রামে। সেখানে অজয়বাবুর মামার বাড়ি, ছোটবেলায় তিনি মামার বাড়িতে থাকতেন। নিয়ে যাওয়া হয় জয়দেব শ্মশান ঘাটে।

এদিন সন্ধ্যাবেলায় সেখানেই তাঁর শেষকৃত্য সম্পন্ন হয়।

জাল মাধ্যমিক মার্কসিটে চাকরির আর্জি, পুলিশের জালে বিজেপি নেতার আত্মীয়

নিজস্ব প্রতিবেদন, বনগাঁ: জাল মাধ্যমিক পাশ মার্কসিট দিয়ে চাকরি করতে গিয়ে পুলিশের জালে বিজেপি নেতার আত্মীয়। উত্তর ২৪ পরগনার বনগাঁ ঘাটবাওর গ্রাম পঞ্চায়েতের রামচন্দ্রপুরের বাসিন্দা সরজিত মণ্ডল গ্রামীণ ডাক সেবক পদে চাকরির জন্য অনলাইনে আবেদন করেছিলেন। ডাকবিভাগের পক্ষ থেকে ভেরিফিকেশন করার সময় তাদের নজরে আসে সরজিতের রবীন্দ্র মুক্ত ইউনিভার্সিটি মাধ্যমিক পাশ মার্কশিট জাল। এরপরেই ডাক বিভাগের বারাসত ডিভিশনের সুপারিনটেনডেন্ট সরোজিতের বিরুদ্ধে থানায় অভিযোগ দায়ের করেন। অভিযোগ পেয়ে সোমবার রাতে সরজিত মণ্ডলকে গ্রেপ্তার করে বনগাঁ থানার পুলিশ। ধৃতকে মঙ্গলবার ১০ দিনের পুলিশ হেপাজতের আবেদন জানিয়ে বনগাঁ মহকুমা আদালতে পাঠায় পুলিশ।

সরজিতের গ্রেপ্তার নিয়ে শুরু হয়েছে রাজনৈতিক তরজা। বনগাঁ জেলা তৃণমূল কংগ্রেসের সভাপতি বিশ্বজিৎ দাস দাবি করেছেন, সরজিত মণ্ডল ঘাট বাউল এলাকার বিজেপির যুবনেতার কর্ণ ধরের আত্মীয়।

নির্ধারণ হল না ২৬ হাজার চাকরিহারার ভবিষ্যৎ, রাজপথ না ছাড়ার বার্তা

নিজস্ব প্রতিবেদন: মঙ্গলবারই সুপ্রিম কোর্টে নির্ধারিত হওয়ার কথা ছিল ২৬ হাজার চাকরিহারাদের ভবিষ্যৎ। সে জট কাটালো না এদিনও। কারণ সুপ্রিম কোর্টে এদিন পিছিয়ে গেল ২৬ হাজার চাকরি বাতিলের মামলা। এদিকে এই ব্যাপারে সিবিআই-কে এদিনই রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়। শীর্ষ আদালত সূত্রে খ বর, পরের শুনানি ১৫ জানুয়ারি। তবে এদিন শীর্ষ আদালতের তরফ থেকে স্পষ্ট করে দেওয়া হয়, ১৫ জানুয়ারি এই মামলার সব পক্ষকে হলফনামা জমা দিতে হবে। এদিকে 'চাকরিহারা যোগ্য' শিক্ষকরা চাকরি ফেরতের দাবিতে ২৪ ঘণ্টার অনশন চালিয়ে যাচ্ছেন। এদিন কোনও সিদ্ধান্ত না হওয়ায় আরও বাড়ল তাঁদের অপেক্ষা। তবে চাকরিহারারা বার্তা দিলেন, রাজপথ ছাড়ছেন না তাঁরা। এই প্রসঙ্গে চাকরিহারাদের একজন জানান, 'এই আন্দোলন ততদিন চলবে, যতদিন আমরা চাকরি ফেরত পাচ্ছি না। যতদিন না আমরা ন্যায়বিচার পাব, ততদিন আন্দোলন চালাব। তবে সুপ্রিম কোর্টের ওপর আমাদের সম্পূর্ণ আস্থা রয়েছে।'

অপর এক চাকরিহারা বলেন, 'অসুবিধা সত্যিই হচ্ছে। আমাদের যখ ন মরণ বাঁচনের ব্যাপার, আমাদের লড়াই চালাতেই হবে।' তবে এরই পাশাপাশি সুপ্রিম কোর্টের শুনানি পিছিয়ে যাওয়ায় এঁদের একটা বড় অংশ যে হতাশ তা লোকানো যায়নি।

এই প্রসঙ্গে এক মহিলা আন্দোলনকারী বলেন, 'তারিখ পিছিয়ে যাওয়ায় আমরা প্রচণ্ড হতাশ। কারণ এতে আমাদের অসম্মান দিনগুলো আরও বাড়ল। আরও অনেকদিন আমাদের অসম্মান বহন করে নিয়ে যেতে হবে। এই রাজপথ আমরা এখন ছাড়ছি না।' বঞ্চিত চাকরিপ্রার্থীদের আইনজীবী ফিরদৌস জানান, 'আগের দিন যে বেঞ্চ কম্পোজিশন শুনেছিল, আজকের বেঞ্চ কম্পোজিশন ভিন্ন। আর সে কারণে আমাদের নিশ্চিতভাবে পুরো বিষয়টা নতুন করে শোনাতে হত। তাহলে অপশন ছিল নতুন করে শুরু করা। কিন্তু তা করে এই দুই বিচারপতি আবার যেদিন বসবেন, সেদিনই তারিখ নির্ধারিত করা হয়েছে। ১৫ জানুয়ারি আবার শুনানি ছিল। আজকে আমাদের বলার দিন ছিল। তাই ভালই হল। কারণ নতুন বিচারপতি এলে, তাঁকে আমাদের আবার প্রথম থেকে পুরো বিষয়টা শোনাতে হত।' উল্লেখ্য, এদিন প্রধান বিচারপতি সঞ্জীব খান্না ও বিচারপতি জেবি পারদিওয়ালার বেঞ্চে শুনানি ছিল। প্রসঙ্গত, গত বছর ২২ এপ্রিল এসএসসি নিয়োগ দুর্নীতি মামলায় রায় ঘোষণা করে কলকাতা হাইকোর্টের বিচারপতি দেবাংশু বসাক এবং বিচারপতি মহম্মদ শব্বর রশিদির ডিভিশন বেঞ্চ। তাঁরা ২০১৬ সালের নিয়োগের প্রক্রিয়া বাতিল ঘোষণা করেন। তার ফলে চাকরি যায় ২৫,৭৫৩ জনের। পাশাপাশি চার সপ্তাহের মধ্যে ১২ শতাংশ হারে সুদ-সহ বেতন ফেরত দিতে বলা হয় ওই চাকরিপ্রাপকদের। কিন্তু প্যানেল বাতিল হয়ে যাওয়ায়, চাকরিহারা হন যোগ্যরাও।

প্রাথমিক দুর্নীতিতে চার্জগঠন অর্পিতা, তাপস, কুন্তল-সহ ৫৩ জনের বিরুদ্ধে

নিজস্ব প্রতিবেদন: প্রাথমিক নিয়োগ দুর্নীতি মামলায় এবার লিপস অ্যান্ড বাউন্ডসের বিরুদ্ধে হল চার্জ গঠন। ইতিমধ্যে সোমবারই পার্থ, সুজয়কৃষ্ণ-সহ ৬ জনের বিরুদ্ধে চার্জ গঠন করে আদালত। এরপর মঙ্গলবার চার্জ গঠন হয় অর্পিতা মুখোপাধ্যায়, তাপস মণ্ডল, কুন্তল ঘোষ-সহ ৫৩ জন অভিযুক্ত ও সংশ্লিষ্ট সংস্থার বিরুদ্ধে।

প্রসঙ্গত, ১ ফেব্রুয়ারির মধ্যে পার্থ চট্টোপাধ্যায়কে জামিনে মুক্ত করার নির্দেশ দিয়েছিল সুপ্রিম কোর্ট। তারমধ্যে মধ্যে শেষ করতে হবে চার্জ গঠন প্রক্রিয়া। সে কারণেই ৫৩ জন অভিযুক্ত ও অভিযুক্ত সংস্থার বিরুদ্ধে এদিনই চার্জ গঠন হয়ে গেল। এদিকে আবার এরমধ্যে রয়েছে লিপস অ্যান্ড বাউন্ডস। তালিকায় রয়েছে পার্থর জামাই কল্যাণময় ভট্টাচার্যও। প্রত্যেকের বিরুদ্ধে কী কী অভিযোগ রয়েছে এদিন তা আরও একবার পৃথকভাবে বলা হয়। তাঁরা দোষী না নির্দোষ সেটাও শুনতে চান বিচারক। তখনই নিজেদের নির্দোষ বলে দাবি করেন, অর্পিতা মুখোপাধ্যায়। একই দাবি শোনা যায়, তাপস মণ্ডল, কুন্তল ঘোষেদের তরফ থেকেও। যদিও বিচারক পর্যবেক্ষণ, 'প্রাথমিক নিয়োগ দুর্নীতিতে পার্থ, মানিক, সুজয় ভদ্র, অয়ন শীলের ভূমিকা আছে। আপনারা তাদের সঙ্গে যুক্ত ছিলেন। বিভিন্ন ভূমিকা পালন করেছেন। কেউ অপরাধ থেকে অর্জিত টাকা, সম্পদ অর্জন করেছেন, রেখেছেন, গোপন করেছেন। কিংবা অপরাধের সঙ্গে সেই অর্থ যুক্ত নয় বলে দাবি করেছেন। আপনাদের বিরুদ্ধে প্রাথমিক তথ্য প্রমাণ দাখিল করেছে এজেন্সি। পিএমএলএ আইনের নির্দিষ্ট ধারায় চার্জ গঠন করা হচ্ছে।'

> ১ ফেব্রুয়ারির মধ্যে পার্থ চট্টোপাধ্যায়কে জামিনে মুক্ত করার নির্দেশ দিয়েছিল সুপ্রিম কোর্ট। তারমধ্যে মধ্যে শেষ করতে হবে চার্জ গঠন প্রক্রিয়া। সে কারণেই ৫৩ জন অভিযুক্ত ও অভিযুক্ত সংস্থার বিরুদ্ধে এদিনই চার্জ গঠন হয়ে গেল। এদিকে আবার এরমধ্যে রয়েছে লিপস অ্যান্ড বাউন্ডস। তালিকায় রয়েছে পার্থর জামাই কল্যাণময় ভট্টাচার্যও। প্রত্যেকের বিরুদ্ধে কী কী অভিযোগ রয়েছে এদিন তা আরও একবার পৃথকভাবে বলা হয়।

এই প্রসঙ্গে এদিন অর্পিতা মুখোপাধ্যায় জানান, তিনি কোনও সরকারি পদে ছিলেন না। কোথায় কী উদ্ধার হয়েছে তিনি জানেন না। কোনওভাবেই তিনি দুর্নীতির সঙ্গে যুক্ত নন। একইসঙ্গে আদালতের উদ্দেশ্যে তাঁর আর্জি, 'আমি নির্দোষ স্যার। কী উদ্ধার হয়েছে জানি না। নলেজ নেই। আমি কোনও অনৈতিক কাজে যুক্ত ছিলাম না।' অন্যদিকে কুন্তল ঘোষের দাবি, কেন্দ্রীয় বঞ্চনার অভিযোগে সরব হওয়ার জন্যই তাঁকে এই অবস্থার মুখোমুখি হতে হয়েছে। সঙ্গে এও বলেন, আমি বিজেপি বা কেন্দ্রীয় সরকারের বঞ্চনা নিয়ে কথা বলেছেন তিনি। এখানেই প্রতিহিংসার রাজনীতি হচ্ছে। অর্থাৎ, ভিকটিম অফ পলিটিক্স। এর সঙ্গে কোনও যোগ নেই। তিনি সম্পূর্ণ নির্দোষ। যদিও বিচারক তাঁকে মাঝপথেই থামিয়ে দেন। সাফ বলেন, 'কেন্দ্রীয় বঞ্চনা নিয়ে ধর্মতলায় বলুন। এখানে নয়।'

বিধানসভায় বিধায়ক মানিক ভট্টাচার্যের চিকিৎসার বিল জমা ঘিরে বিতর্ক

নিজস্ব প্রতিবেদন: বিধানসভায় তৃণমূল বিধায়কের চিকিৎসার বিল জমা দেওয়া ঘিরে বিতর্কের জেরে স্ক্যানারে পলাশিপাড়ার বিধায়ক মানিক ভট্টাচার্য। অভিযোগ, তিনি নাকি জেলে থাকাকালীন চিকিৎসা সংক্রান্ত বিলও বিধানসভায় জমা করেছেন। নিয়োগ দুর্নীতির অভিযোগে প্রেসিডেন্সি সংশোধনাগারে বন্দি ছিলেন পলাশিপাড়ার বিধায়ক মানিক ভট্টাচার্য। সেই সময়ের বিল বিধানসভায় জমা দেন তিনি। তা নিয়ে তৈরি হয়েছে নতুন চাপানউতোর। বিল সংক্রান্ত বিষয়ে এবার প্রেসিডেন্সি সংশোধনাগার বা জেল সুপারকে ডেকে পাঠালেন স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়। এবিষয়ে পরামর্শ নিতে বিধানসভায় ডাকা হয় আইনজ্ঞদেরও।

নিয়োগ দুর্নীতি মামলায় পলাশিপাড়ার তৃণমূল বিধায়ক মানিক ভট্টাচার্যকে গ্রেপ্তার করেছিল ইডি। তারপর থেকে দীর্ঘসময় তিনি জেলবন্দি ছিলেন। সদ্য জামিনে মুক্তি পেয়েছেন। এরপরই বিধানসভার টিএ-ডিএ সেকশনে জমা দেন চিকিৎসা সংক্রান্ত একাধিক বিল। আর সেই বিল নিয়েই ধোঁয়াশা বেড়েছে। অভিযোগ, জেলে থাকাকালীন চিকিৎসার বিলও বিধানসভায় জমা পড়েছে। বিলগুলি খতিয়ে দেখার পরই প্রশ্ন ওঠে। সঙ্গে সঙ্গে বিধানসভার সচিবালয়ে বিষয়টি জানানো হয়। তারপর তার গুরুত্ব বিবেচনা করে তা স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়ের কাছে পাঠানো হয়। বিলটি খতিয়ে দেখার পর স্পিকার ডেকে পাঠান প্রেসিডেন্সি জেলের সুপারকে। সোমবার প্রেসিডেন্সি জেল সুপার নবীন কুজুর দেখাও করেন স্পিকারের সঙ্গে। যদিও এ বিষয়ে কিছুই বলতে চাননি স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়। মুখ খুলতে চাননি জেল সুপারও। প্রতিক্রিয়া মেলেনি মানিকবাবুরও।

সন্দেশখালির গণধর্ষণের ঘটনায় আদালতের শরনাপন্ন নির্যাতিতা

নিজস্ব প্রতিবেদন: সন্দেশখালিতে তরুণীকে গণধর্ষণের অভিযোগ উঠেছিল তৃণমূলের ব্লক সভাপতি-সহ ৩ জনের বিরুদ্ধে। নির্যাতিতার অভিযোগ, প্রথমে পুলিশ অভিযোগ নিতে রাজি হয়নি। পরবর্তীতে এফআইআর হলেও অভিযুক্তদের বিরুদ্ধে কোনও পদক্ষেপ করেনি পুলিশ। উলটে নির্যাতিতাকে দেওয়া হচ্ছে লাগাতার হুমকি। এবার এরই প্রেক্ষিতে আদালতের দ্বারস্থ হন ওই নির্যাতিতা। তাঁকে মামলার অনুমতি দেন বিচারপতি। আদালত সূত্রে খ বর, বুধবার শুনানির সম্ভাবনা। গতবছরের জানুয়ারি থেকে চর্চায় সন্দেশখালি। বহু মহিলা তাঁদের উপর হওয়া নির্যাতনের কাহিনী তুলে ধরেছেন। পুলিশের দ্বারস্থ হয়েছেন। গ্রেপ্তার হয়েছেন সন্দেশখালির বেতাজ বাদশা শেখ শাহজাহান। অভিযোগ, এসবের মাঝেই গত ১৬ মে এলাকার এক তরুণীকে গণধর্ষণের অভিযোগ ওঠে তৃণমূলের ব্লক সভাপতি দিলীপ মল্লিক-সহ ৩ জনের বিরুদ্ধে। নির্যাতিতার অভিযোগ, অভিযুক্তদের বিরুদ্ধে পুলিশের দ্বারস্থ হলেও কোনও লাভ হয়নি। যদিও বেশ কিছুদিন পর এফআইআর দায়ের হয়। তারপর দীর্ঘদিন পেরিয়ে গেলেও পুলিশ কোনও পদক্ষেপ করেনি বলে অভিযোগ। এমনকী কাউকে গ্রেপ্তারও করা হয়নি।

সরকারি চিকিৎসকদের প্রাইভেট চিকিৎসায় আরোপ হল নানা শর্ত

নিজস্ব প্রতিবেদন: সরকারি হাসপাতালে কাজ করা চিকিৎসকদের প্রাইভেট প্র্যাকটিস করা নিয়ে আগে বহু বিতর্ক হয়েছে। এরপর এই প্রাইভেট প্র্যাকটিসের ক্ষেত্রে আনা হয় নানা বিধি নিষেধ। এবার এই প্রাইভেট প্র্যাকটিস নিয়েই ফের নতুন করে নির্দেশিকা জারি করা হল রাজ্যের স্বাস্থ্য দপ্তরের তরফ থেকে। স্বাস্থ্য দপ্তরের এই নির্দেশিকায় রয়েছে সরকারি হাসপাতালে কাজ করা চিকিৎসকদের জন্য একাধিক শর্ত। সঙ্গে কোন চিকিৎসকরা প্র্যাকটিস করতে পারবেন, কোথায় রোগী দেখা যাবে, তা জানিয়ে দেওয়া হয়েছে। পাশাপাশি নির্দেশ দেওয়া হয়েছে, 'নো অবজেকশন' নেওয়ার ব্যাপারেও।

স্বাস্থ্য ভবনের তরফ থেকে মূলত সরকারি হাসপাতালের চিকিৎসকদের জন্যই এই নয়া নির্দেশিকা বলেই সূত্রে খবর। এই নির্দেশিকায় স্পষ্ট করে জানানো হয়েছে, এবার থেকে প্রাইভেট প্র্যাকটিসের জন্য অর্থাৎ হাসপাতালের বাইরে চেম্বারে রোগী দেখার জন্য এনওসি (নো অবজেকশন সার্টিফিকেট) নেওয়া বাধ্যতামূলক। একই সঙ্গে জানানো হয়েছে, নন প্র্যাক্টিসিং অ্যালাউন্স বা এনপিএ গ্রহণ করলে মিলবে না ওই এনওসি। অর্থাৎ যাঁরা এনপিএ নেবেন, তাঁরা হাসপাতালের বাইরে রোগী দেখতে পারবেন না।

সঙ্গে এও জানানো হয়েছে, স্বাস্থ্য শিক্ষা অধিকর্তা বা স্বাস্থ্য অধিকর্তার কাছে থেকে অনুমতি নিতে হবে। তারপরই মিলবে প্রাইভেট প্র্যাক্টিসে ছাড়পত্র। তবে পোস্টিং অর্থাৎ কর্মস্থলের ২০ কিলোমিটারের বাইরে প্রাইভেট প্র্যাকটিস করা যাবে না। সরকারি জায়গা বা কোয়ার্টারেও প্রাইভেট প্র্যাকটিসের ক্ষেত্রে নিষেধাজ্ঞা থাকছে। এই প্রসঙ্গে বলে রাখা শ্রেয়, সম্প্রতি এক পৃথক নির্দেশিকায় সরকারি মেডিক্যাল কলেজে চিকিৎসকদের সপ্তাহে ছ'দিন উপস্থিতিও একপ্রকার বাধ্যতামূলক করা হয়েছে। রাতে হাসপাতালে যাতে কোনও সিনিয়র ফ্যাকাল্টি উপস্থিত থাকেন, তেমনটাই নির্দেশ রাজ্যের। আরও বলা হয়েছে যে, সিনিয়র চিকিৎসকদের দুপুর ২ টো পর্যন্ত ওপিডি'তে থাকতেই হবে। সকাল ৯টা থেকে বিকেল চারটের মধ্যে প্রাইভেট প্র্যাক্টিস করা যাবে না। কর্তব্যে গাফিলতি প্রমাণ হলে কঠোর পদক্ষেপ করা হবে বলে সতর্ক করেছে স্বাস্থ্য ভবন।

বাংলার সিআইডি, ডিডি মমতার 'পপেট' হিসেবে কাজ করছে: অর্জুন

নিজস্ব প্রতিবেদন: পুরানো একটি মামলায় ব্যারাকপুরের প্রাক্তন সাংসদ অর্জুন সিংকে তলব করল ব্যারাকপুর পুলিশ কমিশনারেটের ডিডি ডিপার্টমেন্ট। প্রসঙ্গত, ভাটপাড়া পুরসভার চেয়ারপার্সনের দায়ের করা মামলায় বুধবার তাঁকে তলব করেছে ডিডি ডিপার্টমেন্ট। অপরদিকে তাঁর ছেলে বিধায়ক পবন কুমার সিং-কে একই দিনে তলব করেছে সিআইডি। দু'জনেই আজ, বুধবার তদন্তকারীদের মুখোমুখি হবেন বলে জানা গিয়েছে। ডিডির তলব নিয়ে মঙ্গলবার ব্যারাকপুরের প্রাক্তন সাংসদ অর্জুন সিংয়ের দাবি, 'বাংলার সিআইডি, ডিডি মমতা বন্দ্যোপাধ্যায়ের 'পপেট' হিসাবে কাজ করছে। যারা বিরোধী রাজনীতি করবেন। যারা সরাসরি মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে লড়াই করবেন কিংবা যারা মমতাকে চ্যালেঞ্জ করবেন। তাঁদের বিরুদ্ধে একাধিক মামলা দায়ের করে হেনস্থা করা হবে।' বিজেপি নেতা প্রিয়াঙ্গু পান্ডের তৈরি আবাসন সংক্রান্ত মামলা নিয়ে তিনি বলেন, 'ভাটপাড়া পুরসভা মূর্খদের হাতে চলে গিয়েছে। ওটা পুরসভার জমি নয়। ওখানে প্রিয়াঙ্গুর নিজস্ব কিছু জমি আছে। আর কিছু জমি জুটমিল কোম্পানির। মালপত্র আনার জন্য মিলের জমিতে রেললাইন পাতা হয়েছিল।' তাঁর দাবি, 'সরকারি টাকা অপচয় করে পুরসভার তরফে মামলা করা হচ্ছে। ওই মামলায় পুরসভাকে ল্যাজেগোবরে হতে হবে।' এদিন তিনি আরও বলেন, 'রাজ্যের বুকে সর্বপ্রথম ই-টেন্ডার চালু করেছিল ভাটপাড়া পুরসভা। তৎকালীন সময়ে আমি পুরসভার পুরপ্রধান ছিলাম। বিভিন্ন প্রান্ত থেকে কাজের জন্য ই-টেন্ডার জমা পড়েছিল। কিন্তু ই-টেন্ডারের মাধ্যমে কারা কাজ পাবে, সেটা আমার দেখার দায়িত্ব ছিল না।' তাঁর দাবি, তৃণমূল ছেড়ে বিজেপিতে যোগ দিতেই তাঁর বিরুদ্ধে একাধিক মামলা দায়ের করা হয়েছে। তাঁর অভিযোগ, 'পশ্চিমবঙ্গকে মমতা বন্দ্যোপাধ্যায় জেহাদিদের হাতে তুলে দিয়েছেন। ২০২৬ সালে যখন এই সরকার থাকবে না। যারা এখন মমতার অঙ্গুলি হেলনে এসব করছেন, তখন তাদের এর কৈফিয়ত আইনের মাধ্যমে দিতে হবে।' যদিও প্রাক্তন সাংসদকে ডিডির তলব নিয়ে ভাটপাড়ার উপ-পুরপ্রধান দেবজ্যোতি ঘোষের দাবি, পুরপ্রধান থাকাকালীন অর্জুন সিং পুরসভার একটা মোটা অঙ্কের অর্থ সরাসরি তাঁর এক আত্মীয়ের একাউন্টে পাঠিয়েছিলেন। এমনকি ওই টাকায় কোনও কাজ হয়নি। পুরানো একটি টেন্ডার সংক্রান্ত মামলায় প্রাক্তন সাংসদ অর্জুন সিংয়ের ছেলে তথা ভাটপাড়ার বিজেপি বিধায়ক পবন কুমার সিং-কে তলব করেছে সিআইডি। প্রসঙ্গত, ২০২০ সালের ২৮ জুলাই ভাটপাড়া পুরসভার তরফে দায়ের করা মামলায় তাঁকে তলব করা হয়েছে। সিআইডির তলব নিয়ে ভাটপাড়ার বিধায়ক পবন কুমার সিং বলেন, হাওড়ার একটি কোম্পানির তিনি 'ঘুমন্ত' পার্টনার ছিলেন। কিন্তু ওই কোম্পানি নির্দিষ্ট সময়ে কাজ সম্পন্ন করতে পারেনি। কাজ সমাপ্ত করার জন্য কোম্পানি কিছুদিন পুরসভার কাছে সময় চেয়েছিল। কিন্তু পুরসভা সময় দেয়নি। সেই বিষয়ে পুরসভার তরফে মামলা করা হয়েছিল। এই মামলায় এর আগে ডিডি অফিস দু'বার তাঁকে তলব করেছিল। তখ ন তিনি তদন্তকারীদের জানিয়েছিলেন, ব্যবসার কাজে তিনি বিদেশে থাকতেন। তিনি উক্ত কোম্পানির 'ঘুমন্ত'পার্টনার ছিলেন। কোম্পানির কাজে তিনি বিশেষ ধ্যান দিতেন না। পবনের দাবি, একবছর বাদেই রাজ্যে বিধানসভা নির্বাচন। তাঁর আগে তাঁদের বিরুদ্ধে মামলা করে চাপে রাখার চেষ্টা করা হচ্ছে। পবনের আরও দাবি, তিনি লড়াইয়ের জন্য মানসিকভাবে প্রস্তুতি নিয়ে ফেলেছেন। প্রয়োজনে তাঁকে জেলেও যেতে হতে পারে। পবনের সংযোজন, দেশীয় রাজনীতিতে নেতা হলে জেলেও যেতে হয়। দেশের জন্য কাজ করতে গিয়ে মহাত্মা গান্ধীর মতো মানুষকেও জেলে যেতে হয়েছিল। তিনি তো একজন সাধারণ মানুষ। তাঁর দাবি, প্রাক্তন সাংসদের ছেলে হওয়ার কারণেই তাঁকে হেনস্থা করা হচ্ছে। কারণ, প্রাক্তন সাংসদের ওপর তৃণমূল সরকারের প্রচণ্ড রাগ আছে।

রেলের জমিতে জঙ্গল, সাফাইয়ের দাবিতে বিক্ষোভ

নিজস্ব প্রতিবেদন: দক্ষিনেশ্বর স্টেশন থেকে বরানগর রোড স্টেশন পর্যন্ত প্রায় দু'কিমি জায়গা আগাছার জঙ্গলে ছেয়ে গিয়েছে। অভিযোগ, সন্ধে নামতেই জঙ্গলে ঘেরা রেলের জমিতে অসামাজিক কাজকর্ম চলছে। বিস্তীর্ণ অঞ্চল জঙ্গলে পরিণত হওয়ায় স্থানীয়রা রাতে যাতায়াত করতে ভয়ও পাচ্ছেন। জঙ্গল সাফাইয়ের দাবিতে মঙ্গলবার বেলায় বরানগর স্টেশন ম্যানেজারের অফিসের সামনে বিক্ষোভ প্রদর্শন করেন তৃণমূল কর্মীরা। বিক্ষোভের নেতৃত্ব দেন বরানগর পুরসভার সিআইসি রামকৃষ্ণ পাল। বিক্ষোভ শেষে তারা স্টেশন ম্যানেজারের কাছে স্মারকলিপি জমা দেন। বিক্ষোভ কর্মসূচি নিয়ে বরানগর পুরসভার সিআইসি রামকৃষ্ণ পাল বলেন, বরানগর স্টেশন সন্নিহিত প্রায় দু'কিমি জায়গা জঙ্গলে ছেয়ে গেছে। সেই জঙ্গল অবিলম্বে সাফাই করতে হবে। রামকৃষ্ণ বাবু আরও বলেন, 'দুপুরের দিকে দীর্ঘক্ষণ শিয়ালদা-ডানকুনি লোকাল নেই। যাত্রীদের অনেকক্ষণ ট্রেনের জন্য স্টেশনে বসে থাকতে হয়। তাই দুপুর দু'টোর পর আরও দু'জোড়া ডানকুনি লোকালের দাবি করছি।' তাঁর হুঁশিয়ারি, অবিলম্বে তাদের দাবি-দাওয়া পূরণ না হলে, আগামীদিনে তাঁরা রেল অবরোধ কর্মসূচিতে সামিল হবেন।

কাঁচামালের মূল্যবৃদ্ধিতেই 'মহার্ঘ্য' পাউরুটি

শুভাশিস বিশ্বাস

পাউরুটি এমনই এক বস্তু যার যাতায়াত সমাজের সর্বস্তরে। আর্থিক ক্ষেত্রে একেবারে প্রান্তিক পরিবারের সদস্যদের প্রাত্যহিক জীবনে এই পাউরুটি যতোটা গুরুত্বপূর্ণ, ঠিক ততোটাই এই পাউরুটি মর্যাদা পায় সমাজের উচ্চবিত্তের কাছেও। বাজারে এখনও কোয়ার্টার পাউন্ড পাউরুটি মেলে ন'টাকায়। এবার তা একপ্লেট ঘুগনি বা নিদেনপক্ষে এক কাপ চা দিয়ে খেলে অন্তত কয়েকঘণ্টার জন্য আর খিদে পাওয়ার কোনও সম্ভাবনাই নেই। ফলে এখনও সকালে চায়ের দোকানে নজরে আসে চায়ে ডুবিয়ে পাউরুটি খাওয়ার সেই চিরাচলিত প্রথা। অন্যদিকে সন্ধের দিকে মুখ রোচক খাবারের তালিকায় থাকবে পাউভাজির নাম। অথচ পাউরুটি বিনা পাউভাজি সম্ভব-ই নয়। পাউরুটি-অমলেট বা ফেঞ্চ টোস্ট তো অত্যন্ত জনপ্রিয় সমাজের সর্বস্তরে। অন্যদিকে পাঁচতারা হোটেলে এক কাপ কফির সঙ্গে একটা স্যান্ডউইচ না হলে ঠিক জমে না কোনও বৈঠক। আর সেই পাউরুটির কি না দাম বাড়ল! এই দাম বৃদ্ধির কথা ঘোষণা করেছে জয়েন্ট অ্যাকশন কমিটি অফ ওয়েস্ট বেঙ্গল বেকারিজ অ্যাস্যোসিয়েশন। যার জেরে এখন কোয়ার্টার পাউন্ড পাউরুটির দাম দাঁড়াল ৯ টাকায়, হাফ পাউন্ডের দাম ১৮ টাকা আর এক পাউন্ড কিনতে গেলে খরচ ৩৬ টাকা।

পাঁউরুটির এই দাম বৃদ্ধির প্রসঙ্গে এই বেকারি সংগঠনের কোষাধ্যক্ষ শেখ আতিয়ার রহমান জানান, সাম্প্রতিক পাউরুটির কাঁচামাল ও অন্যান্য নিত্য প্রয়োজনীয় জিনিসের মূল্যবৃদ্ধির জেরেই দাম বাড়ানোর সিদ্ধান্ত নিতে তাঁরা বাধ্য হয়েছেন। এই প্রসঙ্গে বলে রাখা ভাল, পাউরুটির কাঁচামাল বলতে যে কয়েকটি জিনিস প্রয়োজন তা হল ময়দা, বনস্পতি তেল ও চিনি। যে ময়দা ছাড়া পাউরুটি হয় না তার দাম হঠাৎ-ই হয়েছে আকাশ ছোঁয়া। গত কয়েক মাসে এই ময়দার দাম বৃদ্ধির হার শতকরা প্রায় ৩৫ শতাংশ। খুব স্পষ্ট ভাবে বললে কয়েকমাস আগেও ময়দার দাম ছিল বস্তা পিছু ১২৮০ থেকে ১৩৫০ টাকা। এখন ময়দার সেই বস্তারই দাম ১৮৮০ টাকা। অর্থাৎ, ৫০কিলো ময়দার দাম বেড়েছে প্রায় ৫০০ থেকে ৬০০ টাকা। বনস্পতি তেল বা ডালডার ১৫ কিলোর দাম ছিল ১৩৫০ থেকে ১৪০০ টাকা। তা বেড়ে দাঁড়িয়েছে ২২০০ থেকে ২২৮০ টাকায়। দাম বেড়েছে চিনিরও। এরইসঙ্গে প্রতি ছ'মাস অন্তর বাড়তে থাকে শ্রমিকদের মজুরি। এই মজুরি বৃদ্ধি না করা হলে মুখ থুবড়ে পড়বে সব বেকারিগুলো। বন্ধ হয়ে যাবে পাউরুটি তৈরি। ফলে এই ফ্যাক্টরটিকে অবহেলা করার কোনও উপায় নেই বেকারির মালিকদের। এই 'বোঝার ওপর শাকের আঁটি' হিসেবে যুক্ত হয়েছে পাউরুটি যে কাগজে মুড়ে বাজারে আসে তার দামবৃদ্ধিও। ফলে পাউরুটি শিল্পের সঙ্গে জড়িতে এতোগুলো ফ্যাক্টরের পিছনে উত্তরোত্তর খরচ বৃদ্ধি পাওয়ায় পাউরুটির দাম না বাড়িয়ে কোনও উপায় ছিল না বলেই জানাচ্ছেন জয়েন্ট অ্যাকশন কমিটি অফ ওয়েস্ট বেঙ্গল বেকারিজ অ্যাসোসিয়েশনের এই কর্তা। এই প্রসঙ্গে এও জানান, পাউরুটির ক্ষেত্রে দাম বৃদ্ধি যতটা আবশ্যিক ছিল, সেই দাম বৃদ্ধি ততটা আবশ্যিক নয় কেকের ক্ষেত্রে। কারণ, একটা কেক তৈরিতে ময়দার সঙ্গে ব্যবহার করা হয় প্রচুর পরিমাণে বিভিন্ন ধরনের ড্রাই ফ্রুটস। ফলে কেক তৈরিতে এক কিলো ময়দার সঙ্গে ড্রাই ফ্রুটস এবং অন্যান্য সামগ্রী যোগ হলে তা শেষে গিয়ে দাঁড়ায় প্রায় ৫ থেকে সাড়ে পাঁচ কিলোয়। সেখানে পাউরুটি তৈরির ক্ষেত্রে এক কিলো ময়দার সঙ্গে জল যোগ করা হলে তা মেরে কেটে দাঁড়ায় দেড় কিলোয়। ফলে কেক শিল্পে এই ময়দার দাম বৃদ্ধি তেমন প্রভাব ফেলেনি।

পাউরুটির দাম বৃদ্ধি নিয়ে রাজ্য সরকার যে বিশেষ কোনও পদক্ষেপ নিচ্ছেন না তাও জানাতে ভোলেননি এই বেকারি সংগঠনের কোষাধ্যক্ষ। অর্থাৎ, পাউরুটির দাম বাড়ল কি, বাড়ল না তা নিয়ে চিন্তিত নয় রাজ্য সরকার। এই প্রসঙ্গে তিনি এও জানান, রাজ্য সরকার যে পাউরুটির মতো গুরুত্বপূর্ণ ক্ষেত্রে বিশেষ মাথা গলাতে রাজি নয়, তার আভাস আগেই পেয়েছিলেন এই বেকারি সংগঠনের সঙ্গে যুক্ত কয়েকজন বেকারি মালিক। জ্যোতিপ্রিয় মল্লিক যখন খাদ্যমন্ত্রী তখন পাউরুটির দাম বৃদ্ধির ইস্যুতে তাঁর সঙ্গে কথা বলতে যান সংগঠনের কয়েকজন। তখনই মন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক নাকি জানিয়েছিলেন, পাউরুটি এমনই একটা জিনিস যার দাম বৃদ্ধি হলে জনমানসে সরকার সম্পর্কে এক বিরূপ ধারণা তৈরি হবে। ফলে এ ব্যাপারে কোনও ধরণের দাম বৃদ্ধির ঘোষণা তাঁরা করতে পারবেন না। একইসঙ্গে এ পথও বাতলে দিয়েছিলেন এই দাম বৃদ্ধির ক্ষেত্রে সিদ্ধান্ত নিতে হবে বেকারির মালিকদেরই। আর এই মূল্যবৃদ্ধি ঠিক কতটা হবে সে ব্যাপারে চরম সিদ্ধান্ত নেবে বেকারি অ্যাসোসিয়েশনগুলোও। এরই রেশ টেনে জয়েন্ট অ্যাকশন কমিটি অফ ওয়েস্ট বেঙ্গল বেকারিজ অ্যাস্যোসিয়েশনের এই কর্মকর্তা জানান, ১৯৮৫-র আগে এই বেকারি শিল্পে ছিল রেশনিং ব্যবস্থা। তবে তা উঠে যায় বিগত বামফ্রন্ট সরকারের আমলেই। এরপর থেকে বেকারি শিল্পকে নিয়ন্ত্রণ করতে থাকে বেশ কয়েকটি সংগঠন। ফলে এই শিল্পে রাজ্য সরকারের তেমন কোনও ভূমিকা নেই। আর সেই কারণেই পাঁউরুটির এই মূল্যবৃদ্ধি যে রাজ্য সরকারের তাও বলা যাবে না। সঙ্গে তিনি এও জানাতে ভোলেননি যে, বেকারি শিল্পকে বাঁচিয়ে রাখতে হলে রাজ্য সরকারের বিশেষ নজর দেওয়া প্রয়োজন। কারণ, এই শিল্পের সঙ্গে যেমন জড়িয়ে রয়েছে বহু মানুষের রুজি রোজগার। ঠিক তেমনই বহু মানুষের দিনগুজরানের একটা বড় রাস্তা দেখায় এই পাউরুটি-ই। এদিকে ময়দার সরবরাহ বা বনস্পতির দাম বৃদ্ধি ক্ষেত্রে যে ভাবে কেন্দ্রীয় সরকারের উদাসীনতা নজরে আসছে তাতে আগামী কয়েক বছরে এই পাউরুটির দামের গ্রাফ ঊর্ধ্বমুখী হতে বাধ্য, যা বড় ভয়ঙ্কর হতে পারে নিম্ন ও মধ্যবিত্তের জন্য।

সিভিক ভলান্টিয়ারকে বাঁচানোর চেষ্টা চলছে, আরজি করকাণ্ডে বিস্ফোরক কুণাল

পোস্টার ও দুর্নীতি তোলাবাজির অভিযোগ প্রসঙ্গে মদনপুর পঞ্চায়েত প্রধান পার্থবাবু বলেন, 'এইসব অভিযোগ ভিত্তিহীন। দল আমাকে সংগঠনের যুব সভাপতি করেছে। আর মানুষের ভোটে জিতে আমি পঞ্চায়েত প্রধান হয়েছি। এলাকার উন্নয়ন, মানুষকে পরিষেবা দেওয়া আমার কাজ। সততার সঙ্গে আমি সেটাই করে চলেছি। পোস্টারে ভিত্তিহীন অভিযোগ করা হয়েছে।' এটা বিরোধীদের কাজ বলে দাবি করেন পার্থবাবু।

দলের অণ্ডাল ব্লক সভাপতি কালোবরণ মণ্ডল পার্থবাবুর পাশে দাঁড়িয়ে বলেন, ঈর্ষার কারণে রাতের অন্ধকারে কেউ বা কারা এই পোস্টার দিয়েছে। এটা বিরোধীদের কাজও হতে পারে বলে জানান তিনি এই পোস্টার কাণ্ড নিয়ে জেলা বিজেপির নেতা ছোটন চক্রবর্তী বলেন, তৃণমূল আর দুর্নীতি সমর্থক হয়ে দাঁড়িয়েছে। জনগণের সেবার কথা বলে আদতে তৃণমূল নেতারা নিজেদের আখের গোছাচ্ছেন। যে অভিযোগ পোস্টারে করা হয়েছে, সেটা নিয়ে অবশ্যই তদন্ত হওয়া উচিত বলে জানান ছোটনবাবু।

বাংলার বাড়িতে কাটমানি চাওয়ায় অভিযুক্ত আইএসএফ সদস্যের স্বামী

নিজস্ব প্রতিবেদন, দেগঙ্গা: বাংলার বাড়ি প্রকল্পে কাটমানি চাওয়ার অভিযোগ উঠল আইএসএফ সদস্যের স্বামী মোহাম্মদ কামরুজ্জামানের বিরুদ্ধে। ঘটনাটি প্রকাশ্যে আসার পরপরই স্থানীয় বিডিও ও থানায় অভিযোগ দায়ের করা হয়েছে। ঘটনাকে কেন্দ্র করে দেগঙ্গার নুরনগর গ্রাম পঞ্চায়েতে এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে।

কেন্দ্রের বিজেপি সরকার আবাস যোজনার টাকা বন্ধ করে দিয়েছে। দরিদ্র মানুষের কথা ভেবে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় রাজ্য সরকারের টাকায় বাংলার বাড়ি প্রকল্পের প্রথম কিস্তির টাকা উপভোক্তাদের অ্যাকাউন্টে দিয়েছেন। পাশাপাশি নির্দেশ দিয়েছেন কেউ টাকা চাইলে এক টাকাও দেবেন না। তারপরেও আইএসএফ পঞ্চায়েত সদস্যের স্বামী বাড়ি বাড়ি গিয়ে ১০, ১৫ হাজার করে কাটমানি চাওয়া নিয়ে চাঞ্চল্য ছড়িয়েছে। শুধু তাই নয়, টাকা না দিলে দ্বিতীয় কিস্তির টাকা ও অন্যান্য প্রকল্পের টাকা আটকে দেওয়া হবে বলে হুঁশিয়ারিও দেওয়া হয়েছে বলে অভিযোগ উঠেছে।

বাংলার বাড়ির টাকা উপভোক্তাদের অ্যাকাউন্টে ঢুকতেই কাটমানি চাওয়ার অভিযোগ ঘিরে আইএসএফের বিরুদ্ধে কড়া বার্তা দিয়েছেন পঞ্চায়েতের প্রধান নজরুল ইসলাম। অভিযোগ, কাটমানি টাকা না দিলে পরের কিস্তি টাকা বন্ধ করে দেওয়া হবে। টাকা না দিলে সমস্ত সরকারের সুযোগ সুবিধা থেকে বঞ্চিত করা হবে উপভোক্তাদের। এমনই নিদান দেগঙ্গার নুরনগর গ্রাম পঞ্চায়েতের আইএসএফ সদস্যের স্বামী মোহাম্মদ কামরুজ্জামানের। পঞ্চায়েতের পক্ষ থেকে দেগঙ্গা থানা ও বিডিওর কাছে অভিযোগ দায়ের করা হয়েছে।

দেগঙ্গার নুরনগর গ্রাম পঞ্চায়েতের মোহনপুর গ্রামের আইএসএফ পঞ্চায়েত সদস্যর স্বামীকে বাংলার বাড়ি টাকা ঢুকলেই দিতে হবে ১০ ও ১৫ হাজার টাকার কাটমানি। প্রথম কিস্তির ৬০ হাজার টাকা উপভোক্তাদের অ্যাকাউন্টে ঢুকতেই এই দুর্নীতির অভিযোগ। আবার দু' একদিনের মধ্যে টাকা ঢুকবে। আর তার মধ্যেই পঞ্চায়েত সদস্যের স্বামী বাড়ি বাড়ি গিয়ে দশ ও কুড়ি হাজার টাকা দিতে বলে। টাকা না দিলে হুমকি দেওয়া হচ্ছে বলে পরের কিস্তির টাকা পাবেন না আবার কোনও বাড়িতে গিয়ে বলছেন সরকারের সুযোগ সুবিধা থেকে বঞ্চিত করা হবে।

উপভোক্তারা পঞ্চায়েত ও বিডিওর কাছে অভিযোগ দায়ের করলেন। সমস্ত অভিযোগ অস্বীকার করে তিনি বলেন বিরোধী রাজনীতি দল করেন তাই তাকে ফাঁসানো হচ্ছে। তিনি কোনও উপভোক্তার কাছে টাকা চাননি। পঞ্চায়েত প্রধান নজরুল ইসলাম বলেন, তাঁর কাছে অনেকেই অভিযোগ করেছেন। বাংলার বাড়ির এক টাকাও কাউকে না দেওয়ার নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী। সেই টাকা কাউকে নিতে দেওয়া হবে না। বাড়ি বাড়ি গিয়ে তিনিও সতর্ক করে বলে দিচ্ছেন উপভোক্তাদের। পাশাপাশি তিনি বলেছেন, 'আমরাও দেখতে চাই কি করে সরকারি টাকা ও প্রকল্প আটকান সদস্যের স্বামী।'

ভারত-বাংলাদেশ সীমান্তে কাঁটাতারের বেড়া দেওয়া নিয়ে ব্যাপক উত্তেজনা

নিজস্ব প্রতিবেদন, মালদা: ভারত-বাংলাদেশ সীমান্তে কাঁটাতারের বেড়া দেওয়াকে কেন্দ্র করে ব্যাপক উত্তেজনা ছড়াল বৈষ্ণবনগর থানার শুকদেবপুর এলাকায়। স্থানীয় শতাধিক গ্রামবাসীদের হুমকি চিৎকার বন্দে মাতরাম স্লোগান শুনে পিছু হাঁটে বর্ডার গার্ড অফ বাংলাদেশের সদস্যরা (বিজিবি)।

মঙ্গলবার দুপুরে বাখরাবাদ গ্রাম পঞ্চায়েতের শুকদেবপুর ভারত-বাংলাদেশ সীমান্ত এলাকায় কেন্দ্রীয় সরকারের পূর্ত সড়ক বিভাগ, বিএসএফের সহযোগিতায় প্রায় ৫০ মিটার কাঁটাতারের বেড়া তৈরি করার কাজ করছিল। কিন্তু ওই কাজের বাধা দেয় বিজিবি বলে অভিযোগ। ইতিমধ্যেই ওই ঘটনার একটি ছবি সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়েছে। যদিও সত্যতা যাচাই করেনি একদিন পত্রিকা। ভাইরাল হওয়া সেই ভিডিও ফুটেজে দেখা যায় শুকদেবপুরে গ্রামের বাসিন্দারা ভারতীয় ভূখণ্ড থেকে ওপারের বাংলাদেশি এবং বিজেবি সদস্যদের তাড়াতে বন্দে মাতরাম স্লোগান তুলে প্রতিবাদ জানাচ্ছেন। সেই সব গ্রামবাসীদের সামনেই দাঁড়িয়ে রয়েছে বিএসএফ। এরপরই কাজ বন্ধ হয়ে যায়।

পুলিশ এবং বিএসএফ সূত্রে জানা গিয়েছে, শুকদেবপুর এলাকার ওপারটি রয়েছে চাঁপাইনবাবগঞ্জ জেলা শিবগঞ্জ থানা এবং মনকশা গ্রাম। শুকদেবপুর এলাকার এদিন প্রায় ৫০ মিটার ফেনসিং দেওয়ার কাজ চলছিল। সেখানে বাধা সৃষ্টি করে ওপারের কিছু মানুষ এবং বিজিবি। এরপরই সীমান্তবর্তী ওই গ্রামে শুকদেবপুরের বাসিন্দারা জড়ো হয়ে প্রতিবাদ জানাই। সেই মুহূর্তেই গ্রামবাসীদের প্রতিবাদ এবং হুমকিতেই পালিয়ে যান বিজেপি সদস্যরা। তাঁদের সঙ্গে ছিল বেশ কিছু বাংলাদেশিও।

প্রশাসন সূত্রে জানা গিয়েছে, সরকারি নির্দেশ অনুযায়ী তার কাঁটাবিহীন উন্মুক্ত স্থানে বেড়া দেওয়ার কাজ শুরু করেছে বিএসএফ। এদিন যেখানে বেড়া দেওয়ার কাজ হচ্ছিল, তা বাংলাদেশের অভ্যন্তরে বলে দাবি করে বিজিবি। কিন্তু বিজেবির এই দাবি ভিত্তিহীন বলে পালটা জানিয়েছে ভারতীয় সীমান্ত সুরক্ষা বাহিনী বিএসএফ। এদিন দু'পক্ষের মধ্যে আরও এক দফা আলোচনা হয়। সীমান্তের যে এলাকায় বেড়া দেওয়া হচ্ছে, তা ভারতের অংশ বলে বিজিবিকে বুঝিয়ে দেওয়া হয়। এরপর এর কাজ শুরু হয়েছে বলে দাবি প্রশাসনের।

সীমান্তের যে এলাকায় গোলমালের ঘটনা ঘটে, তা মালদার কালিয়াচক ৩নং ব্লকের অন্তর্গত বাখরাবাদ গ্রাম পঞ্চায়েত এলাকা। এলাকার পরিস্থিতি এখন নিয়ন্ত্রণে রয়েছে বলে প্রশাসন জানিয়েছেন। এ প্রসঙ্গে বিজেপির জেলা সাধারণ সম্পাদক অম্লান ভাদুড়ির বলেন, ভারত সবসময় সার্বভৌমত্বের সম্মানের চেষ্টা করে এসেছে কিন্তু ভারতের মর্যাদার প্রতি কেউ যদি আঙ্গুল তুললে তাদের ছেড়ে কথা বলা হবে না। বিএসএফ কর্তৃপক্ষ দাঁড়িয়ে থেকে নতুন করে ওই এলাকায় ফেনসিং দেওয়ার কাজ শুরু করেছে।

রাজ্য তৃণমূলের সাধারণ সম্পাদক তথা ইংরেজবাজার পুরসভার চেয়ারম্যান কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী বলেন, ঘটনাটি শুনেছি। পুরো বিষয়টি দিল্লি সরকার দেখছে বিএসএফ কোনও অন্যায় দেখলে তারাই প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

রাস্তা তৈরিতে বেনিয়মের অভিযুক্ত পঞ্চায়েত, অস্বীকার উপপ্রধানের

নিজস্ব প্রতিবেদন, অণ্ডাল: অণ্ডাল ব্লকের খান্দরা গ্রাম পঞ্চায়েতের সিদুলি কুচিবেরা এলাকায় রাস্তার নির্মাণ নিয়ে উঠল বেনিয়মের অভিযোগ। স্থানীয়দের দাবি, গোটা রাস্তাটি সম্পূর্ণ না করে রাস্তার একাংশ নির্মাণ করা হবে বলে তাঁরা জানতে পেরেছেন। এরপরই বিষয়টি নিয়ে সরব হয়েছে ওই এলাকার বাসিন্দাদের একাংশ।

স্থানীয় বাসিন্দা রাজু রাম, কবিতা পাণ্ডেরা জানান, কাজটির ওয়ার্ক অর্ডারে উল্লেখ রয়েছে কাজটি হওয়ার কথা ওই পাড়ার বিশ্বনাথ বাউরির বাড়ি থেকে মঙ্গল হেমব্রমের বাড়ি পর্যন্ত। ১৪৮ ফুট ঢালাই রাস্তাটি নির্মাণের জন্য অর্থ বরাদ্দ হয়েছে ৯৯,৯৭৫ টাকা। কবিতা পাণ্ডে বলেন, রাস্তাটির সামনের অংশ নির্মাণ হবে পেছনের অংশটি কাঁচা থাকবে বলে জানা যায়। এরকম হলে বর্ষাকালে পেছনের অংশে থাকা গরিব মানুষের মাটির বাড়িগুলি ভেসে যাবে আশঙ্কা রয়েছে বলে জানান তিনি। ওয়ার্ক অর্ডারে যতটা রাস্তা নির্মাণের কথা উল্লেখ রয়েছে সম্পূর্ণ ততটাই কাজ করতে হবে বলে দাবি জানান তিনি। মঙ্গলবার বিষয়টি জানিয়ে অণ্ডালের বিডিও ও মহকুমা শাসকের কাছে গণস্বাক্ষর করে স্মারকলিপি দেন বাসিন্দাদের একাংশ ।

যদিও বাসিন্দাদের অনিয়মের অভিযোগ ভিত্তিহীন বলে দাবি করেন খান্দরা পঞ্চায়েতের উপপ্রধান আসিশ ভট্টাচার্য। তিনি বলেন, যত টাকা বরাদ্দ হয়েছে সেই টাকায় গোটা রাস্তাটি ঢালাই করা সম্ভব নয়। পরবর্তী সময়ে বাকি অংশের কাজ হবে। বিষয়টি না বুঝেই কেউ কেউ অনিয়মের অভিযোগ তুলছে তা সম্পূর্ণ ভিত্তিহীন বলে জানান তিনি।

গাছে জল সিঞ্চন করে বীরভূম জেলা সবলা মেলার আনুষ্ঠানিক উদ্বোধনে বোলপুরের সাংসদ অসিত মাল, বীরভূম জেলা পরিষদের সভাধিপতি ফায়েজুল হক, সিউড়ির বিধায়ক বিকাশ রায় চৌধুরী, জেলাশাসক বিধান রায়, সাঁইথিয়ার বিধায়িকা নিলাবতি সাহা প্রমুখ। মঙ্গলবার থেকে সিউড়ি ইরিগেশন কলোনির মাঠে শুরু হওয়া স্বনির্ভর গোষ্ঠী ও সনিযুক্তি বিভাগের উদ্যোগে আয়োজিত এই মেলা চলবে আগামী ১৩ জানুয়ারি পর্যন্ত।

মুখ্যমন্ত্রীর ছবি অবৈধ ভাবে ব্যবহারে লোনের প্রতিশ্রুতির অভিযোগ

নিজস্ব প্রতিবেদন, বালুরঘাট: মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ছবি অবৈধভাবে পোস্ট করা হয়েছে সোশ্যাল মিডিয়ায়। অভিযোগ, তাঁর ছবি দেখিয়ে লোন দেওয়ার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। একটি অ্যাপের মাধ্যমে সোশ্যাল মিডিয়ায় লোনের বিষয়টি প্রচার করা হচ্ছে। বিষয়টি নজরে আসতেই এবিষয়ে থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে দলের তরফে।

জানা গিয়েছে, একটি অ্যাপসের মাধ্যমে মুখ্যমন্ত্রীর ছবি ব্যবহার করে ঋণ দেয়া হবে বলে প্রচার চালানো হচ্ছে। সেখানে উল্লেখ করা হচ্ছে সম্পূর্ণ সুদ ছাড়াই লোন দেয়া হচ্ছে। বিষয়টি নজরে আসতেই এদিন দক্ষিণ দিনাজপুর জেলা তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক মফিজউদ্দিন মিয়া বালুরঘাট সাইবার থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। অভিযোগ পেতেই পুরো ঘটনার তদন্ত শুরু করা হয়েছে পুলিশের তরফে। মূলত কারা এর পেছনে রয়েছে, দ্রুত সেই বিষয়টি উদঘাটন করে তাদের শাস্তির দাবি জানিয়েছেন তৃণমূল নেতা মফিজউদ্দিন মিয়া।

এ বিষয়ে জেলা তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক মফিজ উদ্দিন মিয়া বলেন, 'আমাদের দলনেত্রীর ছবি ব্যবহার করে এটি অ্যাপ্স তৈরি করে মানুষকে প্রতারিত করবার চেষ্টা করা হচ্ছে। বলা হচ্ছে ৪০ হাজার টাকা করে লোন দেওয়া হবে। দলের কিংবা আমাদের নেত্রীর অনুমতি ছাড়া এরকম ভাবে কোনও ছবি ব্যবহার করা যায় না। এটা একরকম আইনত অপরাধ। এই ভাবে মানুষকে বিভ্রান্ত করা হচ্ছে। এই প্রতারণার যে চক্র, সেই চক্রকে চিহ্নিতকরণ করে তাদের বিরুদ্ধে আইনত ব্যবস্থা গ্রহণ করা হোক। এজন্যই এদিন আমরা লিখিত অভিযোগ দায়ের করলাম দলের তরফে।'

খানাকুলে তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্ব! পুলিশ দিয়ে অনাস্থা কর্মাধ্যক্ষদের

নিজস্ব প্রতিবেদন, আরামবাগ: আরামবাগ লোকসভায় তৃণমূল জয়লাভ করলেও একদিকে যেমন তৃণমূলের গোষ্ঠ দ্বন্দ্ব থেমে নেই তেমনি এবার খানাকুল এক নম্বর পঞ্চায়েত সমিতির ডামাডোল অবস্থা অব্যাহত। তৃণমূল তাদের দলীয় কর্মাধ্যক্ষদের বিরুদ্ধে অনাস্থা আনছে আগামী ৯ জানুয়ারি বৃহস্পতিবার। এই মর্মে কর্মাধ্যক্ষদের অনাস্থা সম্পর্কিত চিঠি পুলিশ দিয়ে বাড়িতে পৌছনো হচ্ছে। এই ঘটনায় রাজনৈতিক মহলে আলোড়ন পড়ে গিয়েছে।

খানাকুলে তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্বের কঙ্কালসার চেহারা সামনে চলে আসায় বিরোধীরা তীব্র কটাক্ষ করছে। বিজেপির দাবি, খানাকুল এক নম্বর ব্লকে উন্নয়ন থমকে আছে তৃণমূলের জন্য। কাটমানি নিয়ে রোজ লড়াই চলছে তৃণমূল নেতাদের মধ্যে। কর্মাধ্যক্ষদের বিরুদ্ধে অনাস্থা আনা আবারও একটা নতুন নাটক। এই নাটককে সাধারণ মানুষ ভালো ভাবে দেখছে না। আগামী বিধানসভা নির্বাচনে জবাব দেবে।

বিজেপি নেতা বিমান ঘোষ বলেন, কেবল খানাকুল নয় গোটা রাজ্যজুড়ে তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্ব চলছে। আর এই গোষ্ঠীদ্বন্দ্ব শুধু কাটমানি নেওয়াকে কেন্দ্র করে হচ্ছে। ভাগে কম পড়লেই অনাস্থা আনছে। এর প্রভাব পড়ছে উন্নয়নে। উন্নয়ন বাধাপ্রাপ্ত হচ্ছে। তবে তৃণমূলের গোষ্ঠী দ্বন্দ্বের জবাব সাধারণ মানুষ দেবে। আমরা ওদের অভ্যন্তরীণ বিষয় নিয়ে ক' বলব।

জানা গিয়েছে, খানাকুল পঞ্চায়েত সমিতিতে নতুন করে বোর্ড গঠন হয়েছে প্রায় দু'বছর আগে। এই পঞ্চায়েত সমিতির কিছু জনপ্রতিনিধির ক্ষোভ প্রায় এক - দু'বছর ধরে তাদের কোনও কাজেই অংশগ্রহণ করতে দেওয়া হচ্ছে না। এমনকি এর আগেও বোর্ডেও তাদের কিছু জনকে ৫ বছর ধরে হাতের পুতুল করে রাখা হয়েছিল। নতুন করে বোর্ড গঠনের পরও একই সমস্যার মধ্যে হয়েছে তাদের। অভিযোগ, খানাকুল এক নম্বর পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ নইমুল হক ষড়যন্ত্র করে তাদের কোনও কাজ করতে দিচ্ছে না। তাই তারা নাকি স্বাস্থ্য ও বিদ্যুৎ দপ্তর থেকে পদত্যাগ করেন।

তাঁদের দাবি, কোনও স্থায়ী কমিটির মিটিং বা বর্ধিত মিটিং কোনওটাই ডাকা হয়নি বোর্ড গঠনের পর। যে কোনও বিষয়ে আলোচনার ক্ষেত্রেও তাদের জানানো হয় না। তাই পূর্ত, স্বাস্থ্য, শিক্ষা ও বিদ্যুৎ দপ্তরের কর্মাধ্যক্ষের বিরুদ্ধে অনাস্থা আনা হয়েছে। আগামী বৃহস্পতিবার আরামবাগ মহকুমা শাসকের কার্যালয়ে তা চূড়ান্ত হবে। সূত্র থেকে জানা গিয়েছে, ওই দিন নাকি নতুন করে স্থায়ী সমিতি গঠন ও কর্মাধ্যক্ষ গঠন হবে। কিন্তু প্রশ্ন উঠছে, পুলিশ দিয়ে কেন শাসক দলের কর্মাধ্যক্ষকে নোটিশ ধরাতে হল।

এই বিষয়ে আরামবাগ সাংগঠনিক জেলা তৃণমূল কংগ্রেসের সভাপতি রামেন্দু সিংহ রায় বলেন, 'এই বিষয়ে কিছু জানি না। তাই কিছু বলতে পারব না।' খানাকুল এক পঞ্চায়েত সমিতির বিদ্যুৎ দপ্তরে কর্মাধ্যক্ষ জামির আলি বলেন, 'চিঠি পেয়েছি। তবে এটা দুর্ভাগ্য। প্রথম থেকে দল করা কর্মীর বিরুদ্ধেও অনাস্থা।'

এই বিষয়ে খানাকুল ১ নং পঞ্চায়েত সমিতির সভাপতি শম্পা মাইতি বলেন, 'হ্যাঁ আমি নোটিশ দিয়েছি। অনাস্থা এনেছি। পুলিশ দিয়ে নোটিশ দেওয়ার কারণ হল যাতে সুষ্ঠু ভাবে, শান্তি শৃঙ্খলা বজায় থাকে। আর ওঁরা পাঁচ জন কোন সহযোগিতা করেন না। মিটিং এও আসেন না। তাই উন্নয়নের কাজেও বাধা এসে যাচ্ছে। তাই অনাস্থা এনেছি।'

দানের জমিতে পুরসভার উদ্যোগে পার্ক উদ্বোধন

নিজস্ব প্রতিবেদন, হুগলি: অবশেষে স্বপ্ন সফল হল সুপ্রকাশবাবুর, মানে সুপ্রকাশ সিনহার কারণ তিনি ভেবেছিলেন এখানে কোনও শিশুদের পার্ক নেই, পার্ক করতে পারলে ভালো হত। তাই তিনি শিশুদের খেলাধুলোর উদ্দেশ্যে জমি দান করলেন উত্তরপাড়া পুরসভাকে শিশুদের জন্য একটি পার্ক করে দেওয়ার অনুরোধ নিয়ে। এর পরিপ্রেক্ষিতে উত্তরপাড়া পুরসভা সুপ্রকাশবাবুকে অসংখ্য ধন্যবাদ জানিয়েছেন।

সেই উপলক্ষে উত্তরপাড়া পুরসভার ২২ নম্বর ওয়ার্ডে সেক্টর ২ তে পুরসভার তত্ত্বাবধানে গড়ে উঠল শিশুদের পার্ক। তার নাম সুপ্রভা পার্ক। এই উপলক্ষে একটি অনুষ্ঠান করে শিশুদের পার্কের উদ্বোধন হল। উদ্বোধন করলেন জমিদাতা সুপ্রকাশ সিনহা ও উত্তরপাড়া পুরসভার চেয়ারম্যান দিলীপ যাদব। উপস্থিত ছিলেন বেশ কিছু কাউন্সিলর সিআইসি তথা প্রাক্তন ভাইস চেয়ারম্যান ইন্দ্রজিৎ ঘোষ। এলাকার শিশুরা থেকে নবীন প্রবীণ বাসিন্দারা তারাও খুব খুশি এই পার্ক পেয়ে।

এ প্রসঙ্গে প্রবীণ সুপ্রকাশ সিনহা জানালেন, খুব ভালো লাগছে খুব বড় আনন্দের দিন। শিশুরা পার্ক পেয়ে খুব খুশি তারা আনন্দে খেলাধুলো করবে, স্বপ্ন বাস্তব হল। পুরচেয়ারম্যান দিলীপ যাদব বলেন, 'সুপ্রকাশবাবুকে অসংখ্যবার ধন্যবাদ জানাচ্ছি পুরসভার পক্ষ থেকে। তিনি জমি দিয়েছেন শিশুদের জন্য পার্ক তৈরি করা হল। শিশুরা খেলাধুলো করবে খুব আনন্দের দিন। খুব ভালো লাগছে। তার সঙ্গে এটা রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করতে হবে। সবার সহযোগিতা চাই।'

সিআইসি ইন্দ্রজিৎ ঘোষ বলেন, 'সুপ্রকাশবাবুকে অনেক অনেক ধন্যবাদ জানাচ্ছি তিনি পুরসভাকে জমি দিয়েছেন। শিশুদের জন্য পার্ক তৈরি হয়েছে। খুব ভালো লাগছে। শিশুরা খেলাধুলো করবে। এখানে একটা পার্কও দরকার ছিল তা বাস্তব হল।' এলাকার কাউন্সিলর মানসী সিংহ বলেন, 'সুপ্রকাশবাবুকে অনেক অনেক ধন্যবাদ তিনি পুরসভাকে জমি দিয়েছেন। শিশুদের জন্য পার্ক তৈরি করা হয়েছে, শিশুরা আনন্দে খেলাধুলো করবে। খুব আনন্দের দিন চেয়ারম্যানকে ও সিআইসি ইন্দ্রজিৎ ঘোষ ও মানিক সিংহকে ধন্যবাদ জানান উপস্থিত ছিলেন সুপ্রকাশবাবুর ভাই ও বোন, অনুষ্ঠানটি পরিচালনা করেন এলাকার কাউন্সিলর মানসী সিংহ সহযোগিতায় মানিক সিংহ ও মিতা ধর।

নেতাই দিবসে তৃণমূলে সমন্বয়ের অভাব

নিজস্ব প্রতিবেদন, ঝাড়গ্রাম: নেতাই গণহত্যা কাণ্ডের শহিদ ও আহত অনেক পরিবারের সদস্যদের ছাড়াই মঙ্গলবার নেতাই দিবস পালিত হয়েছে। অনুপস্থিত আহত এবং নিহত পরিবারের অনেকেরই অভিযোগ, তাদের জানানোই হয়নি। আগে থেকে কোনও আলোচনা না করায় গ্রামবাসীদেরও অনেককেই এই অনুষ্ঠানে উপস্থিত থাকতে দেখা যায়নি।

এভাবে নেতাই দিবস পালনকে কেন্দ্র করে একাধিক প্রশ্ন উঠছে। নেতাইয়ের শহিদ স্মৃতি রক্ষা কমিটির অভিযোগ, এবছর শহিদ দিবস পালন অনুষ্ঠানের জন্য তৃণমূলের পক্ষ থেকে উদ্যোগী ভূমিকা নেওয়া হয়নি। যারা প্রতিবছর এই অনুষ্ঠানের আয়জনে করে থাকেন তাদের অনেকেই অনুপস্থিত। ১০টায় অনুষ্ঠান শুরু হওয়ার কথা থাকলেও, নেতৃত্বের অনুপস্থিতি এবং লোক না থাকায় অনুষ্ঠান শুরু হয় ১১টার পর। শহিদ বেদিতে মাল্যদান করেন জয়প্রকাশ মজুমদার, মন্ত্রী শ্রীকান্ত মাহাতো, বীরবাহা হাঁসদা, বিধায়ক খগেন্দ্রনাথ মাহাতো, দুলাল মুর্মু, সুজয় হাজরা ও অন্যান্য তৃণমূল নেতারা।

লোক না হওয়া প্রসঙ্গে জয়প্রকাশ মজুমদার বলেন, 'আমরা মাইকে নাম ধরে ধরে সবাইকে ডেকেছি।' সমন্বয়ের অভাব প্রসঙ্গে বন প্রতিমন্ত্রী বিরবাহা হাঁসদাও বলেন, 'সবাইকে নিয়েই শহীদ তর্পণ অনুষ্ঠান করেছি, সবার নাম ধরে ডাকা হয়েছে।' নাম ধরে ডাকা হলেও সবাই যে উপস্থিত ছিলেন না তা আহত ও নিহতর পরিবারের সদস্যরা জানিয়েছেন। আহত সংকীর্তন রায় ও হংস রায় ক্ষোভ প্রকাশ করে জানান, 'অনুষ্ঠান সম্পর্কে তাদের কিছু জানানো হয়নি। শহিদ দিবসের অনুষ্ঠান হওয়ার আগে প্রতিবছর যেভাবে গ্রামবাসীদের সঙ্গে আলোচনা করা হত এবার তা হয়নি। তাই অনুষ্ঠানে যাইনি।' বিজেপির লালগড়ের মণ্ডল সভাপতি অনুপ মাহাতো বলেন, নেতাই তৃণমূলের সঙ্গে নেই। শুভেন্দু অধিকারী আলাদা করে আসবেন শহিদদের শ্রদ্ধা জানাবেন।

স্পিড বোটে জিরো পয়েন্ট লাগোয়া এলাকা পরিদর্শন রাজ্যপাল বোসের

নিজস্ব প্রতিবেদন, হিঙ্গলগঞ্জ: সীমান্ত সুরক্ষা দেশের নিরাপত্তা জন্য যে কোনও পরিস্থিতিতে প্রস্তুত আছে বিএসএফ। উত্তর ২৪ পরগনার বসিরহাট মহকুমার সুন্দরবনের হিঙ্গলগঞ্জ ব্লকের বাঁকড়া ১১৮ নম্বর ব্যাটেলিয়ানের আমার গ্রাম সামাজিক প্রকল্পে এসে রাজ্যপাল এমনই মন্তব্য করেন। আরও বলেন, সীমান্তে বিএসএফ তৈরি আছে যে কোনও কিছু মোকাবিলার জন্য জওয়ানরা প্রস্তুত একদিকে স্থলপথে অন্যপথে সীমান্তরক্ষী বাহিনী কড়া নজরদারি দিচ্ছে। আমাদের সৈনিকরা যে কোনও বিষয়বস্তু থাকে তা হলে কি বাংলাদেশের সম্প্রীতিককালের ঘটনায় ঘুরিয়ে বাংলাদেশকে সতর্ক করলেন মঙ্গলবার দুপুর তিনটা নাগাদ বাঁকড়ার ক্যাম্প বিশেষ নিরাপত্তা নিয়ে কালিন্দী নদী স্পিড বোটে করে ভারত-বাংলাদেশ সীমান্তে জিরো পয়েন্ট লাগোয়া এলাকা পরিদর্শন করেন।

পাশাপাশি সীমান্ত সুরক্ষা খতিয়ে দেখেন ১১৮ নম্বর ব্যাটেলিয়ানের সীমান্তরক্ষী বাহিনীর আধিকারিকদের সঙ্গে সীমান্ত নজরদারি নিয়ে তাদের মধ্যে বেশ কিছুক্ষণ আলাপচারিত হয়। সুন্দরবনে বাংলা সংস্কৃতি ধামসা মাদলের তালে নিত্য ঝুমুর গানের সুরে মুগ্ধ রাজ্য গভর্নর সিভি আনন্দ বোস মঙ্গলবার সুন্দরবনের বাঁকড়া ১১৮ নম্বর ডিউটিতে ভারত-বাংলাদেশ সীমান্তে মেডিক্যা ল ক্যামসহ একাধিক যেসব ক্যাম্প আছে সেগুলো পরিদর্শন করেন ক্যাম্পের বাংলার প্রাচীন সংস্কৃতি হওয়ায় ঝুমুর পাতা নাচ ধামসা মাদলের তালে গান শুনলেন সিভি আনন্দ বোস। মঞ্চে বসে প্রায় একঘণ্টা বাংলার সংস্কৃতি কৃষ্টির সঙ্গে মিলেমিশে একাকার হয়ে গেলেন। মুখে হাসি হাততালির মধ্য দিয়ে অভিনন্দন জানালেন বাংলার কৃষ্টি সংস্কৃতিকে।

গোরু চুরি রুখতে থানায় স্মারকলিপি বিজেপির

নিজস্ব প্রতিবেদন, অণ্ডাল: পর পর চুরি যাচ্ছে গোরু। গোরু চুরি রুখতে অণ্ডাল থানার আধিকারিককে স্মারকলিপি দিল বিজেপি। সম্প্রতিককালে চুরি যাওয়া গোরুগুলি উদ্ধারের পাশাপাশি এই কাজে যারা জড়িত তাদের গ্রেপ্তারের দাবি জানিয়েছে তারা।

সাম্প্রতিককালে অণ্ডাল ব্লকের উখরা গ্রাম এলাকায় বেড়েছে গরু চুরির প্রবণতা। গর্ত অক্টোবর মাসের ১৪ তারিখ স্থানীয় বাসিন্দা বাহারুল ইসলামের দু'টি গোরু উখড়া বাজার থেকে চুরি হয়। নভেম্বর মাসে একই ভাবে আরও দু'টি গোরু চুরি হয় বাজার এলাকা থেকেই। অতি সম্প্রতি মায়া রুইদাস নামে এক মহিলার গোয়াল ঘর থেকে গোরু চুরি করে নিয়ে যায় দুষ্কৃতীরা। বাজারে গোরু চুরির ঘটনা দু'টি সিসিটিভি ক্যামেরায় ধরা পড়ে। দেখা যায় গভীর রাতে মহিন্দ্রা পিকআপ ভ্যান নিয়ে দুষ্কৃতীরা হানা দেয় বাজারে। গোরুগুলোকে সেই পিকআপ ভ্যানে চাপিয়ে তারা চম্পট দেয় এলাকা থেকে। সিসিটিভি ফুটেজে দুষ্কৃতীদের ছবিও ধরা পড়ে। উখড়া ফাঁড়িতে অভিযোগ দায়ের করা হয়।

কিন্তু দুষ্কৃতীদের ধরতে পুলিশ ব্যর্থ হয় বলে অভিযোগ করেন বিজেপি দলের আসানসোল সাংগঠনিক সাধারণ সম্পাদক শ্রীদীপ চক্রবর্তী। তিনি বলেন, সংগঠিত ভাবে এলাকায় গোরু চুরির ঘটনা ঘটছে। এর পেছনে কোনও গোরু পাচারচক্র জড়িত আছে বলে অভিযোগ করেন তিনি। মঙ্গলবার এই বিষয়ে অণ্ডাল থানার আধিকারিকের হাতে স্মারকলিপি দেওয়া হয় বিজেপি দলের পক্ষ থেকে। চুরি যাওয়া গোরু উদ্ধার ও চুরি চক্রে জড়িত দুষ্কৃতীদের গ্রেপ্তারের দাবি জানানো হয়েছে বলে জানান শ্রীদীপবাবু।

মঙ্গল কামনায় মাজারে চাদর চড়ালেন অনুব্রত

নিজস্ব প্রতিবেদন সিউড়ি: রাজ্য তথা দেশবাসীর মঙ্গল কামনা করে পাথর চাপুরি দাতা সাহেবের মাজারে চাদর চড়ালেন বীরভূম জেলা তৃণমূল কংগ্রেসের সভাপতি অনুব্রত মণ্ডল ও তার কন্যা সুকন্যা মন্ডল। উপস্থিত ছিলেন বিধানসভার বিধায়ক বিকাশ রায় চৌধুরী। মঙ্গলবার দুপুরে কন্যা সুকন্যাকে নিয়ে দাতা সাহেবের বাজারে আসেন অনুব্রত মণ্ডল। কন্যার হাতে মায়ের ছবিও। অনুব্রত এবং তার কন্যাকে দেখতে ভিড় জমে যায় মাজার চত্বরে।

উড়ালপুল তৈরিতে বিচ্ছিন্ন ২০টি গ্রাম, আন্ডারপাসের দাবিতে অবরোধ-ক্ষোভ

নিজস্ব প্রতিবেদন, বাঁকুড়া: উড়ালপুল তৈরি হওয়ায় বিষ্ণুপুর শহরের সঙ্গে কার্যত বিচ্ছিন্ন হয়ে পড়েছে রেল লাইনের অপর পাড়ে থাকা প্রায় ২০টি গ্রাম। আন্ডারপাস তৈরির দাবিতে বারংবার রেল ও প্রশাসনের দ্বারস্থ হয়েও লাভের লাভ কিছুই হয়নি। আর তার জেরে এবার ৬০ নম্বর জাতীয় সড়ক অবরোধ করে বিক্ষোভে ফেটে পড়ল ওই ২০টি গ্রামের স্কুল পড়ুয়া থেকে শুরু করেন স্থানীয় বাসিন্দারা।

বাঁকুড়ার বিষ্ণুপুর স্টেশনের কাছে দীর্ঘদিন ধরে একটি রেল ফটক ধরে বিষ্ণুপুর শহরে যাতায়াত করতেন রেল লাইনের অপর পাড়ে থাকা কুসুমবনি, ঝরিয়া, বনকাটি, কামারবাঁধ, হারাবতি, দ্বাদশবাড়ি, কাঁটাবাড়ি সহ প্রায় ২০টি গ্রাম। এই গ্রামগুলির মানুষ শিক্ষা থেকে স্বাস্থ্য সমস্ত বিষয়েই নির্ভরশীল বিষ্ণুপুর শহরের ওপর। এতদিন রেল ফটক দিয়ে সহজেই বিষ্ণুপুর শহরে যাতায়াত করত ওই গ্রামগুলির স্কুল কলেজ পড়ুয়া থেকে কৃষিজীবী মানুষজন। কিন্তু বছর খানেক আগে সেই রেল ফটক বন্ধ করে সেখানে উড়ালপুল চালু করা হয়। আর এতেই চূড়ান্ত সমস্যায় পড়েন ওই ২০টি গ্রামের মানুষ।

উড়ালপুল দিয়ে রেল লাইন পারাপার করতে গিয়ে মাঝেমধ্যেই ঘটছে দুর্ঘটনা। অগত্যা অনেক ঘুরপথে গ্রামগুলির স্কুল কলেজ পড়ুয়া থেকে সাধারণ মানুষ নিত্যদিনের প্রয়োজনে বিষ্ণুপুরে যাতায়াত করতে বাধ্য হচ্ছেন। অবিলম্বে উড়ালপুল সংলগ্ন এলাকায় আন্ডারপাস তৈরি করার দাবিতে আন্দোলন চালিয়ে আসছেন ওই গ্রামগুলির বাসিন্দারা। বারংবার দাবি পূরণের জন্য রেল ও প্রশাসনের দ্বারস্থ হয়েছেন তাঁরা। কিন্তু তারপরেও দাবীপূরণ না হওয়ায় আজ ৬০ নম্বর জাতীয় সড়কে বিষ্ণুপুরের উড়ালপুলের মুখে রাস্তায় বসে অবরোধ শুরু করে স্থানীয় স্কুল পড়ুয়া থেকে শুরু করে স্থানীয় বাসিন্দারা। আন্ডারপাসের লিখিত প্রতিশ্রুতি না মেলা পর্যন্ত জাতীয় সড়ক অবরোধ চালিয়ে যাওয়ার হুঁশিয়ারি দিয়েছেন আন্দোলনকারীরা। সকাল থেকে অবরুদ্ধ হয়ে থাকায় ব্যস্ততম ৬০ নম্বর জাতীয় সড়কে যান চলাচল পুরোপুরি স্তব্ধ হয়ে যায়।

‘ক্রিকেটবিশ্বকে দেখাতে তৈরি’ শামি

ইংল্যান্ড সফরেই কি দলে বাংলার পেসার?

নিজস্ব প্রতিনিধি: ২০২৩ সালে এক দিনের বিশ্বকাপের পর থেকে আর জাতীয় দলে দেখা যায়নি মহম্মদ শামিকে। চোটের কারণে দীর্ঘ দিন বাইরে থেকেছেন। অস্ত্রোপচার হয়েছে। সুস্থ হয়ে ঘরোয়া ক্রিকেটে ফিরলেও জাতীয় দলে জায়গা পাননি। শোনা গিয়েছিল, অস্ট্রেলিয়া সফরের শেষ দু’টি টেস্টে তিনি খেলতে পারেন। কিন্তু তা-ও হয়নি। আবার ভারতীয় দলে ফিরতে তৈরি শামি। নেটে ঘাম ঝরাচ্ছেন পেসার। ইংল্যান্ড সফরেই কি আবার জাতীয় দলে প্রত্যাবর্তন হবে শামির?

সমাজমাধ্যমে নিজের একটি ভিডিয়ো দিয়েছেন শামি। ২৭ সেকেন্ডের সেই ভিডিয়োয় দেখা যাচ্ছে, একের পর এক বল করছেন তিনি। একই রকম গতি। একই রকম লাইন, লেংথ। বেশ কয়েকটি বলে উইকেটও ভেঙে দেন তিনি। ভিডিয়োর ক্যাপশনে শামি লেখেন, গতি ও আবেগের মিশেলে ক্রিকেটবিশ্বকে দেখাতে তৈরি। শামিকে দেখে বোঝা যাচ্ছে, পুরো দমে বল করছেন তিনি। কোনও সমস্যা হচ্ছে না বাংলার পেসারের।

চোট সারিয়ে ফিরে বাংলার হয়ে রঞ্জি, সৈয়দ মুস্তাক আলি ও বিজয় হজারে ট্রফি খেলেছেন শামি। তবে সব ম্যাচে দেখা যায়নি তাঁকে। বাংলাও তাঁকে বিশ্রাম দিয়ে খেলিয়েছে। দেখে বোঝা গিয়েছে, কোনও রকমের ঝুঁকি নিতে চায়নি তারা। টেস্টে না খেললেও সাদা বলের ক্রিকেট খেলতে পারেন শামি। কারণ, সেখানে ধকল অনেকটাই কম। ১৯ ফেব্রুয়ারি থেকে শুরু চ্যাম্পিয়ন্স ট্রফি। সেই প্রতিযোগিতার জন্য শামির নাম ভাবা হচ্ছে। তেমনটা হলে প্রস্তুতির জন্য ইংল্যান্ডের বিরুদ্ধে সাদা বলের সিরিজেই জাতীয় দলে দেখা যেতে পারে তাঁকে। শামি ইতিমধ্যেই জানিয়ে দিয়েছেন, তিনি তৈরি।

সদ্য অস্ট্রেলিয়ার কাছে টেস্ট সিরিজ হেরেছে ভারত। সেখানে শামির অভাব বোঝা গিয়েছে। তাঁর খেলা নিয়ে বার বার জল্পনা হয়েছে। কিন্তু শেষ পর্যন্ত শামি খেলেননি। শামির ফিটনেস নিয়ে বিসিসিআইয়ের লুকোচুরিতে ক্ষুব্ধ রবি শাস্ত্রী। তাঁর প্রথম প্রশ্ন, এত দিন সময় পেয়েও কেন শামিকে ফিট করে তোলা গেল না? তাঁর দ্বিতীয় প্রশ্ন, শামির ফিটনেস নিয়ে কেন স্পষ্ট করে কিছু বলা হল না? কেন গোটা অস্ট্রেলিয়া সফরের সময়ই শামির খেলা নিয়ে ধোঁয়াশা তৈরি করে রাখা হল?

শাস্ত্রীর মতে, শামিকে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে টেস্ট সিরিজে অত্যন্ত প্রয়োজন ছিল। ভারতীয় দলের দায়িত্বে থাকলে ফিট না হওয়া শামিকে নিয়েই অস্ট্রেলিয়ায় যেতেন বলেও জানিয়েছেন তিনি। শাস্ত্রী বলেন, অস্ট্রেলিয়ায় শামির অভাব অনুভূত হয়েছে। এটা নিয়ে কোনও প্রশ্ন থাকতে পারে না। সত্যি বলতে, আমি বেশ অবাক হয়েছি। শামিকে নিয়ে সংবাদমাধ্যমে নানা খবর বেরোচ্ছিল। অথচ ভারতীয় ক্রিকেট বোর্ড প্রকাশ্যে কিছু জানাচ্ছিল না। জানি না জাতীয় ক্রিকেট অ্যাকাডেমিতে এত দিন ধরে কী করছে শামি? ঠিক কী হয়েছে ওর? কত দিন লাগবে ওর সুস্থ হতে? বোর্ড কিছুই ঠিকঠাক জানায়নি। শামির মতো বোলারকে আমি অবশ্যই অস্ট্রেলিয়ায় পাঠাতাম।

ফিট না-হওয়া শামিকে অস্ট্রেলিয়ায় নিয়ে গিয়ে কী করতেন? শাস্ত্রী বলেছেন, শামিকে দলের সঙ্গে রাখতাম। দলের সঙ্গে থেকেই ফিট হয়ে উঠতে পারত। ভারতীয় দলের ফিজিয়োর অধীনে থাকত। দরকার পড়লে অস্ট্রেলিয়ার সেরা ফিজিয়োদের দেখাতে পারতাম। বিশ্বের সেরা ফিজিয়োদের অনেকে অস্ট্রেলীয়। চোখের সামনে থাকত। তাতে পরিকল্পনা করতে অনেক সুবিধা হত।

শাস্ত্রী আরও বলেছেন, সিরিজের মাঝপথে অন্তত শামিকে অস্ট্রেলিয়ায় পাঠানো যেত। সত্যি খুব অবাক হয়েছি। দলের সঙ্গে থাকলে হয়তো শেষ টেস্টটা খেলতে পারত। নীতীশ কুমার রেড্ডিকে দিয়ে পরিস্থিতি সামলাতে হত না। এটা বোঝা উচিত, শামি পুরো ফিট না থাকলেও দিনে কয়েকটা ওভার বল করতে পারে। দলে তো আরও বোলার আছে। শামিকে বাড়তি চাপ না দিয়েও খেলানো যেত। ওর কয়েকটা ওভারই পার্থক্য তৈরি করে দিতে পারে।” এখন দেখার, ইংল্যান্ডের বিরুদ্ধে জাতীয় দলে শামি ফেরেন কি না।

প্রশ্নের মুখে পড়বেন রোহিত? ভবিষ্যৎ কি আগরকরের হাতে?

নিজস্ব প্রতিনিধি: অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ভারতের লজ্জার হার। ১-৩ ব্যবধানে সিরিজ হেরে যান রোহিত শর্মারা।

অধিনায়ক হিসাবে ব্যর্থ তিনি। প্রথম টেস্ট খেলেননি, শেষ টেস্ট থেকে নিজেই সরে যান। মাঝের তিন টেস্টে ব্যাট হাতেও রান করতে পারেননি। সেই রোহিতের সঙ্গে কথা বলতে পারেন বোর্ড সচিব দেবজিত সাইকিয়া। সেই বৈঠকে থাকতে পারেন নির্বাচক অজিত আগরকরও।

শেষ টেস্টে রোহিত না খেলার পরেই তাঁর অবসর নিয়ে জল্পনা শুরু হয়ে যায়। যদিও টেস্টের মাঝে সাক্ষাৎকার দিয়ে রোহিত নিজেই ঘোষণা করেন যে, তিনি এখনই অবসর নিচ্ছেন না। তাঁর সেই সাক্ষাৎকারকে বিশেষ গুরুত্ব দিচ্ছে না বোর্ড। রোহিতকে আগামী দিনে টেস্ট দলে রাখা হবে কি না, সেই বিষয়ে সিদ্ধান্ত নিতে পারেন নির্বাচক প্রধান আগরকর। এক সংবাদমাধ্যমকে বোর্ডের এক কর্তা বলেন, রোহিত নিজেকে বসিয়ে চেষ্টা করছিল দলকে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে তোলার। আগামী দিনে ও নিজের জায়গা ধরে রাখতে পারে কি না সেটা নির্ভর করবে রোহিতের পারফরম্যান্সের উপর। তবে আগরকর এবং বাকি নির্বাচকদের সিদ্ধান্ত হবে রোহিতকে দলে রাখার ব্যাপারে।

রোহিত শেষ পাঁচটি ইনিংসে মাত্র ৩১ রান করেছেন। তাঁর গড় ৬.২০। তবে লাল বলের ক্রিকেটে রোহিতের পারফর্ম্যান্স সদ্য খারাপ হয়েছে এমন নয়। শেষ ৮ ম্যাচে তিনি ১৬৪ রান করেছেন। গড় ১০-এর সামান্য বেশি। ব্যাটার হিসাবে রোহিত সফল হতে না পারলে তাঁকে শুধু অধিনায়ক হিসাবে দলে রাখতে চাইবেন না নির্বাচকেরা।

BASIRHAT MUNICIPALITY
BASIRHAT, NORTH 24 PGNS
NIeT No.:WBMAD/BASIR/E-12 of 2024-25 (1st call)
Online Tender has been invited from bonafide agencies for Laying of Pipe line (DI-K9/MS) for supply clear water from DTW-Pump House to OHR inlet Point and Connection with Existing distribution line. At ward No. 15 & 22 within basirhat Municipal Area. e-Tender **Start Date : 08.01.2025 at 9.00 am Closing Date : 22.01.2025 upto 9.00 am** For more information, visit: **www.wbtenders.gov.in** and **www.basirhatmunicipality.in**
Sd/- Chairperson
Basirhat Municipality

BASIRHAT MUNICIPALITY
BASIRHAT, NORTH 24 PGNS
NIeT No.: WBMAD/BASIR/E-11 of 2024-25 (1st call)
Online Tender has been invited from bonafide agencies for Supplying & Laying of Distribution pipe line (D.I.Pipes, All types and Class) including supply of DI Specials and temporary Road restoration for Water Supply Scheme in Zone A & B within Basirhat Municipal area in the District North 24 Parganas under AMRUT. **e-Tender Start Date : 08.01.2025 at 9.00 am Closing Date: 22.01.2025 upto 9.00 am** For more information, visit: **www.wbtenders.gov.in** and **www.basirhatmunicipality.in**
Sd/- Chairperson
Basirhat Municipality

NIT No. 05/2024-25 & 06/2024-25, DT. 06/01/2025
E-Tender is being invited by WBCADC, Tamluk-1 Project, Dept. of P & RD, Govt. of W.B., Ranasinga, Kelomal, Purba Medinipur. Construction of hanging seed bed & Azolla Production unit under RKVY (New Projects) at Bhagwankhali farm under WBCADC,Tamluk Project. F.Y-2024-2025. Details of which will be available from this office during the office hours or at **https://wbtenders.gov.in** from **08/01/2025**. Tender ID: **2025_PRD_795462_1 & 2025_PRD_796320_1.** Bid submission end date for the following works **17/01/2025 at 16:30 hrs.** Estimated Cost **Rs. 366159.00 & 197930.00**
SD/-
Officer In-Charge WBCADC, Tamluk Project
Dept. of P & RD,
Govt. of WB
Mob No: 9732597683, 9434667766

UTTARPARA-KOTRUNG MUNICIPALITY
e-N.I.Q. No. : UKM/PHC/037(e)/2024-25 dt. 07.01.2025
Chairman, Uttarpara-Kotrung Municipality invites e-quotation for Operations and preventive maintenances of one no. 3000 ltrs. & 3200 ltr. capacity Cesspool Emptier machine. Documents download start date & Bid submission start date- **08.01.2025.** Bid Submission Closing Date- **18.01.2025.** For Details: **https://www.wbtenders.gov.in**
Sd/- **Chairman**
Uttarpara-Kotrung Municipality

W.B.S.R.D.A.
South 24 Parganas Division
TENDER NOTICE
For and on behalf of Panchayats and Rural Development Department, Govt. of West Bengal, The Executive Engineer, **WBSRDA, South 24 Parganas Division** invites percentage rate **i) e-NIT No: 13/EE/WBSRDA/ S24/PHED/2024-25 (2nd Call) dt. 07.01.2025** for **Restoration of 3 nos. of road & ii) e-NIT No: 14/EE/WBSRDA/S24/SF/2024-25 dt 07.01.2025 for Repair of 2 nos. of Road.** The **Last date of bid submission for two numbers of NITs are 24.01.2025 at 17:30 hours.** Details of which may be viewed in the Website **www.wbtenders.gov.in.**
Sd/-
Executive Engineer & Head of PIU
WBSRDA, South 24 Parganas Division

আমার দেশ/আমার দুনিয়া

রাজঘাটে তৈরি হবে প্রণবের স্মৃতিসৌধ

প্রধানমন্ত্রীর ‘উপহারে’ আপ্লুত শর্মিষ্ঠা

নয়াদিল্লি, ৭ জানুয়ারি: রাজঘাটে তৈরি হবে প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়ের স্মৃতিসৌধ। নতুন বছরে বড় সিদ্ধান্ত কেন্দ্রের নরেন্দ্র মোদি সরকারের। ইতিমধ্যেই চিঠি দিয়ে প্রণবের পরিবারকে সে কথা জানিয়ে দিয়েছে কেন্দ্র। প্রণবকন্যা শর্মিষ্ঠা মুখোপাধ্যায় ‘অপ্রত্যাশিত’ এই উপহারের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে ধন্যবাদও জানিয়েছেন।

মঙ্গলবার এক্স হ্যান্ডলে কেন্দ্রীয় আবাসন ও নগরোন্নয়ন মন্ত্রকের চিঠি শেয়ার করেছেন শর্মিষ্ঠা মুখোপাধ্যায়। গত ১ জানুয়ারি প্রেরিত ওই চিঠিতে কেন্দ্রের তরফে প্রণবের পরিবারকে জানানো হয়েছে, প্রাক্তন রাষ্ট্রপতির স্মৃতিসৌধ তৈরির জন্য রাজঘাট এলাকার মধ্যেই রাষ্ট্রীয় স্মৃতি কমপ্লেক্সের একটি জমি বাছা হয়েছে। কেন্দ্রের চিঠি পাওয়ার পর প্রণবকন্যা শর্মিষ্ঠা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে দেখা করে এসেছেন। এদিন সোশাল মিডিয়ায় মোদিকে ধন্যবাদও জানিয়েছেন তিনি।

সদ্য প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিংয়ের সমাধি নিয়ে বিতর্কের মধ্যেই প্রণবকে নিয়ে নতুন করে বিতর্ক উসকে দেন শর্মিষ্ঠা। কংগ্রেসকে চড়া সুরে আক্রমণ করে তিনি বলে দেন, প্রণব মুখোপাধ্যায়ের প্রয়াণের পর স্মৃতিসৌধ দূরের কথা, কংগ্রেস ওয়ার্কিং কমিটির বৈঠক ডেকে ন্যূনতম শোকপ্রস্তাবও দেওয়া হয়নি। শর্মিষ্ঠা বলেন, ‘বাবা যখন মারা গেলেন কংগ্রেস শোকপ্রকাশের জন্য ওয়ার্কিং কমিটির বৈঠক ডাকারও প্রয়োজন বোধ করেনি।’ শুধু তাই নয়, এ নিয়ে কংগ্রেসের তরফে মিথ্যাচার করা হয় বলেও অভিযোগ করেছেন শর্মিষ্ঠা। একই সঙ্গে তাঁর মুখে নরেন্দ্র মোদির প্রশস্তিও শোনা যায়। ঠিক তার পরই প্রণববাবুর স্মৃতিসৌধ তৈরির সিদ্ধান্ত কেন্দ্রের। বস্তুত, প্রণব মুখোপাধ্যায় কংগ্রেসে যোগ্য সম্মান পাননি, এ অভিযোগ নতুন নয়। ২০০৪ সালে প্রণববাবুর বদলে মনমোহন সিং প্রধানমন্ত্রী হওয়ার পর থেকেই প্রণবঘনিষ্ঠরা মনে করেন, তাঁর প্রতি বঞ্চনা হয়েছে। পরে মনমোহন সিং নিজেও স্বীকার করেছেন, সে সময় প্রধানমন্ত্রী হওয়ার যোগ্যতম ব্যক্তি ছিলেন প্রণবই। যদিও পরে প্রণববাবু রাষ্ট্রপতি হন। তবে নরেন্দ্র মোদির সঙ্গেও সুসম্পর্ক ছিল প্রণববাবুর। পরে ২০১৯ সালে তাঁকে ভারতরত্নও দেয় কেন্দ্র। এবার প্রণববাবুর স্মৃতিসৌধও তৈরি করতে চাইছে মোদি সরকার।

দিল্লির মুখ্যমন্ত্রীর বাসভবন থেকে উৎখাত করতে চায় বিজেপি

অভিযোগ আতিশীর

নয়াদিল্লি, ৭ জানুয়ারি: দিল্লির মুখ্যমন্ত্রীর বাসভবন থেকে তাঁকে উৎখাত করতে চায় বিজেপি। এমনই অভিযোগ তুললেন আতিশী মারলেনা। তাঁর অভিযোগ, দিল্লির বিধানসভা নির্বাচনের নির্ঘণ্ট ঘোষণার আগেই নাকি কেন্দ্রের কাছ থেকে বাড়ি খালি করার নোটিস পেয়েছেন তিনি। মঙ্গলবার আতিশী অভিযোগ করেন, গত তিন মাসের মধ্যে দ্বিতীয় বার তাঁর জন্য বরাদ্দ ৬, ফ্ল্যাগ স্টাফ রোডের মুখ্যমন্ত্রীর বাসভবন বাতিল করেছে। আতিশীর দাবি, ‘আমি যখন মুখ্যমন্ত্রী হয়েছিলাম, তখন বিজেপি আমার জিনিসপত্র রাস্তায় ফেলে দিয়েছিল। ওরা আমাদের বাড়ি ছিনিয়ে নিতে পারে, আমাদের কাজে বাধা দিতে পারে কিন্তু মানুষের জন্য কাজ করার আমাদের যে আবেগ, সেটা থামাতে পারবে না।’ বাড়ি থেকে উচ্ছেদ করা হলেও তিনি পিছুপা হবেন না, এমন ইঙ্গিত দিয়ে আতিশী বলেন, ‘প্রয়োজন পড়লে আমি দিল্লির মানুষের বাড়িতে থাকব। সেখান থেকেই দিল্লিবাসীর জন্য কাজ করে যাব।’

কেন্দ্রের নোটিসে দিল্লির মুখ্যমন্ত্রীকে দু’টি বাসভবনের মধ্যে একটি বেছে নিতে বলা হয়েছে। একটি রাজ নিবাস রোডে, অন্যটি দরিয়াগঞ্জ আনসারি রোডে। তবে এ ব্যাপারে দিল্লি সরকারের তরফে কিছু জানানো হয়নি। দিল্লির মুখ্যমন্ত্রীর বাসভবন সংস্কার নিয়ে তদন্ত চলছে। অরবিন্দ কেজরিওয়াল দিল্লির মুখ্যমন্ত্রী থাকাকালীন ২০২০-২২ সালের মধ্যে মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবন সংস্কার করানো হয়। অভিযোগ, কেজরিওয়ালের আমলে ৩৩ কোটি ৬৬ লক্ষ টাকা খরচ করে দিল্লির মুখ্যমন্ত্রীর বাসভবন সংস্কার করা হয়। তার মধ্যে শুধু পর্দাই বসেছে ৯৬ লক্ষ টাকার। কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল অফ ইন্ডিয়া (ক্যাগ)-র রিপোর্ট তুলে ধরা হয়েছিল। রান্নাঘরের জিনিসপত্রের জন্য খরচ করা হয়েছে ৩৯ লক্ষ টাকা। রেশমের কার্পেটের জন্য খরচ হয়েছে ১৬ লক্ষ ২৭ হাজার টাকা। যা নিয়ে বার বার আম আদমি পার্টি (আপ)-কে নিশানা করেছে বিজেপি।

KANCHRAPARA MUNICIPALITY
The Following E-Tender are invited by the Chairman, on behalf of Kanchrapara Municipality from well reputed Agency / Personnel through the Website **https://wbtenders.gov.in Tender Notice No. 2095, Dt. 03/01/2025** for **Civil Works of this Municipality, Tender ID: 2025_MAD_795299_1,** Last Date of Bid Submission **17/01/2025 at 17.00 Hrs.**
Sd/-
Kamal Adhikary
Chairman,
Kanchrapara Municipality

KHARDAH MUNICIPALITY
Khardah, North 24 Parganas
RE-TENDER
Tender No. KDHM/30/RB/3rd Call/24-25, E-Tender ID: 2024_MAD_766024_3
Categories of Work: Installation of Water cooled Inverter Chiller. Last date of Submission of Tender **24.01.2024.** Details of notice can be seen at: **www.khardahmunicipality.in & https://wbtenders.gov.in**
Sd/- **Chairman**
Khardah Municipality

Chakdaha Municipality
NOTICE
A Corrigendum regarding Tender Cancellation have been published for Tender ref. **No-WBMAD/CM/WS/NIT-3 (2nd Call)/2024-25 & Tender ID 2024_MAD_778209_1.** For further information please visit **www.wbtenders.gov.in**

TENDER
In reference to the tender advertisement dated 24th December 2024, **Ramakrishna Mission Vidyamandira, Belur Math** has extended the date for submitting sealed tenders by the eligible proprietors.
For details, please visit **www.wbtenders.gov.in**

KHARDAH MUNICIPALITY
Khardah, North 24 Parganas
NIT
Tender No. KDHM/38/WS/24-25 E-Tender ID: 2024_MAD_796249_1
Categories of Work: Pipe Line Interconnection. Last date of Submission of Tender **16.01.2025.** Details of notice can be seen at: **www.khardahmunicipality.in & https://wbtenders.gov.in**
Sd/- **Chairman**
Khardah Municipality

KRISHNANAGAR MUNICIPALITY
Krishnanagar, Nadia
The Chairman, Krishnanagar Municipality invites **NIeT No: WBMAD/ULB/KRISHNANAGAR/HFA/NIT-31/2024-25** for **“Construction of Informal Market at different Wards within Krishnanagar Municipality.”** and WBMAD/ULB/KRISHNANAGAR/NIT-32/2024-25 for **“Construction of Storm Water Drainage at B. D Mukherjee lane in Ward no – 24 under Krishnanagar Municipality.”** The intending Bidders are requested to visit the website: **https://wbtenders.gov.in** for details. Tender id: **2025_MAD_795409_1 to 2025_MAD_795409_6 & 2025_MAD_796030_1.**
Sd/- Chairman
Krishnanagar Municipality

OFFICE OF THE
RAMPARA-II GRAM PANCHAYAT
P.O- REJINAGAR ✹ P.S. – REJINAGAR ✹ DIST- MURSHIDABAD
TENDER NOTICE
E Tender is invited through online Bid System vide **NIeT No: -10/Rampara-II GP/2024-25, 11/Rampara-II GP/2024-25 & 12/Rampara-II GP/2024-25,** With Vide Memo **No. 03/Ram-II GP/2024-25, 04/Ram-II GP/2024-25 & 05/Ram-II GP/2024-25, Dated: - 06-01-2025,** The Last date for online submission of tender is **14/01/2025 upto 02.00 P.M.** For details, please visit website: - **htpps://wbtenders.gov.in**
Sd/ Prodhan
Rampara-II Gram Panchayat

BASULDANGA GRAM PANCHAYAT
DIAMOND HARBOUR-I BLOCK
DIAMOND HARBOUR, SOUTH 24 PARGANAS
On behalf of Basuldanga Gram Panchayat of Diamond Harbour I block under south 24 parganas dist invites bids through open e-tender process for the vide NIT No 1905 BGP UNTIED 12 Nos Scheme under 15th CFC of Basuldanga Gram Panchayat Dated **07/01/2025**. Details are available in the website wb **tenders.gov.in**
Sd/- Pradhan
BASULDANGA GRAM PANCHAYAT

Notice Inviting Tender
E-Tender is being floated on **NIT ID–DMPAM/DIC/e-NIT/ 16/2024-25 DATED 06.01.2025** for inviting appropriate Bidder to supply and install tools and equipments in Balarampur Paper product Mfg Cluster & REH Industrial Cooperative Society Ltd Schedule- Uploading NIT documents on **08.01.2025.** Last date of submission of Bid on **22.01.2025**
Sd/-
General Manager,
District Industries Centre,
Paschim Medinipur

Serampore-Uttarpara Panchayat Samity
21, Rabindrabhaban Road, Serampore, Hooghly, 712201
Notice Inviting e-Tender
e-Tender has invited by the undersigned for 8(eight) nos. schemes bearing **NIeT No.- 07/SU/2024-25, Office Memo No.: 01/SU, Date: 06.01.2025 (Tender ID No : 2025_ZPHD_795343_1 to 2, 2025_ZPHD_795343_4 to 7)** and **NIeT No.- 06/SU/2024-25, Office Memo No.: 06/SU, Date: 06.01.2025 (Tender ID No : 2025_ZPHD_795793_1 to 2)** for Construction of Children’s Park, CC Road, Masonry Drain and Jal Satra. Online bid submission commences on and from **07.01.2025 at 15.00 hours till 14.01.2025 at 15.00 hours.** For more details please visit **https://wbtenders.gov.in**
Sd/-,
Executive Officer
Serampore-Uttarpara Panchayat Samity

WEST BENGAL AGRO INDUSTRIES CORPORATION LTD.
(A Govt. Undertaking)
Registered Office: 23B, Netaji Subhas Road, 3rd Floor, Kolkata-700001
NIeT- 232 to 235/2024-2025, Dated- 07-01-2025
e-Tenders are invited by the Executive Engineer on behalf of West Bengal Agro Industries Corpn. Ltd, 23B, Netaji Subhas Road, 3rd Floor, Kolkata-700001 from bonafide and resourceful Agencies for completion of Civil works at Jalpaiguri, Purba Mednipur, North 24 PGS and Malda District. Tender document may be downloaded from. **http://wbtenders.gov.in** Bid submission start date- **08-01-2025 after 9.00 am.** Bid submission end date- **14-01-2025 and 24-01-2025 upto 3.00 pm**
Date: 07.01.2025 **Sd/- Executive Engineer**

আন্তর্জাতিক ফ্লাইট শুরু সিরিয়ায়

দামাস্কাস, ৭ জানুয়ারি: সিরিয়ার দামাস্কাস আন্তর্জাতিক বিমানবন্দর থেকে মঙ্গলবার আন্তর্জাতিক ফ্লাইট চলাচল আবার শুরু হয়েছে। গত মাসে বিদ্রোহীরা দেশটির প্রেসিডেন্ট বাশার আল-আসাদের সরকারকে উৎখাতের পর দেশটির গুরুত্বপূর্ণ এ বিমানবন্দরে আন্তর্জাতিক ফ্লাইট বন্ধ হয়ে গিয়েছিল।

এদিন দামাস্কাস বিমানবন্দরে কাতার থেকে ফ্লাইটে যাত্রীরা নামার পর সেখানে আনন্দ-উত্তেজনা ছড়িয়ে পড়তে দেখা যায়। দামাস্কাস বিমানবন্দরের পরিচালক আনিস ফালাও বলেন, ‘আজ নতুন করে সবকিছু শুরু হল। আমরা ফ্লাইট আগমন ও বহির্গমন শুরু করেছি।’ দামাস্কাস বিমানবন্দর থেকে প্রথম ফ্লাইট গিয়েছে সংযুক্ত আরব আমিরাতের শারজায়। সোমবার স্থানীয় সময় বেলা একটার দিকে কাতারের একটি বাণিজ্যিক ফ্লাইট দামাস্কাস বিমানবন্দরে অবতরণ করে।

গত রবিবার ফ্লাইট চালুর বিষয়টি জানিয়ে সিরিয়ার বেসামরিক বিমান চলাচল ও পরিবহণ কর্তৃপক্ষের প্রধান আশহাদ আল-সালিবি জানান, রাজধানী দামাস্কাস ও আলেপ্পো বিমানবন্দরে ফ্লাইট চালুর কাজ শুরু হয়েছে। এ দু’টির বন্দর আন্তর্জাতিক ফ্লাইট ওঠানামার জন্য প্রস্তুত হয়েছে। বাশার সরকারের পতনের পর সিরিয়ার ওপর থেকে কিছু নিষেধাজ্ঞা সাময়িক সময়ের জন্য প্রত্যাহার করছে আমেরিকা। সিরিয়ার শাসনকাজ যেন চলমান থাকে এবং দেশটির জরুরি সেবাগুলো যেন বাধাপ্রাপ্ত না হয়, সে জন্য আগামী ছ’মাস নিষেধাজ্ঞাগুলো স্থগিত থাকবে। আমেরিকার অর্থ দপ্তর গত সোমবার এমন ঘোষণা করেছে।

দপ্তরের উপমন্ত্রী ওয়ালি অ্যাডেয়েমো বলেছেন, রাশিয়া ও ইরানের সমর্থন পাওয়া বাশার আল-আসাদের নৃশংস ও নিপীড়নমূলক শাসনের পতন হওয়ার পর সিরিয়া ও দেশটির মানুষের সামনে সবকিছু নতুনভাবে গড়ে তোলার সুবর্ণ সুযোগ এসেছে। পরিবর্তনের এই সময়ে সিরিয়ায় মানবিক সহায়তা ও দায়িত্বশীল শাসনের প্রতি সমর্থন দিয়ে যাবে আমেরিকা। আমেরিকা সহ বিভিন্ন দেশের আরোপ করা নিষেধাজ্ঞাগুলো প্রত্যাহারের জন্য দেনদরবার করছে সিরিয়ার ইসলামপন্থী অন্তর্বর্তী সরকার। তবে নিষেধাজ্ঞা প্রত্যাহার নিয়ে দ্বিধায় রয়েছে আমেরিকা সহ অন্য দেশগুলো। তাদের ভাষ্য, নতুন সরকার কী ভাবে ক্ষমতার ব্যবহার করছে, তা দেখার পরই নিষেধাজ্ঞা প্রত্যাহারের বিষয়টি ভাববে তারা।

Printed and Published by **Krishnanand Singh** on behalf of **Narsingha Broadcasting Pvt. Ltd.** Printed at **LS.Publication, 4, Canal West Road, Kolkata 700015** and Published at **1, Old Court House Corner, 3rd Floor, Room no. 306(S), Tobacco House, Kolkata- 700001 RNI No. WBBEN/2006/17404,** Phone: 033-4001 9663 email# dailyekdin1@gmail.com **Editor: Santosh Kumar Singh**

নরসিংহ ব্রডকাস্টিং প্রাইভেট লিমিটেড-এর পক্ষে **কৃষ্ণানন্দ সিং** কর্তৃক ১, ওল্ড কোর্ট হাউস কর্ণার, ৪র্থ তল, রুম নম্বর ৩০৬ (এস), টোবাকো হাউস, কলকাতা-৭০০০০১ থেকে প্রকাশিত ও এলএস পাবলিকেশনস প্রাইভেট লিমিটেড, ৪ ক্যানাল ওয়েস্ট রোড, কলকাতা-৭০০০১৫ থেকে মুদ্রিত।
RNI No. WBBEN/2006/17404, ফোন-০৩৩-৪০০১ ৯৬৬৩, ইমেল dailyekdin1@gmail.com **সম্পাদক- সন্তোষ কুমার সিং**

ঘুরে ট্যুরে

বুধবার • ৮ জানুয়ারি ২০২৫ • পেজ ৮

শীতে নিভৃত অবসর কাটানোর সেরা ছয় ঠিকানা

বড়ন্তি

নিজস্ব প্রতিবেদন: জানুয়ারি পড়ে প্রায় মাঝামাঝি হতে চললো। এদিকে শীতে বেড়ানোর জায়গা নিয়ে অনেকেই সিদ্ধান্তও নিতে পারছেন না কোথায় যাওয়া যায়। কারণ, বর্তমানে সবথেকে বড় প্রতিবন্ধক হল অর্থ। তবে কলকাতার আশেপাশে এমন কিছু জায়গা আছে যেখানে দু-তিনদিনের জন্য স্বচ্ছন্দে ঘুরে আসাই যায়। আর এই জায়গাগুলি যে শুধু বন্ধু বান্ধবের সঙ্গেই যেতে হবে তাও নয়, পরিবারের সাথে ঘোরার জন্য সেরা। আর এই সব জায়গায় এলে এখানকার প্রকৃতি আপনার শরীর ও মন দুই ভাল হয়ে যাবে এটাও হলফ্ করে বলতে পারি। এই প্রসঙ্গে আরও একটা কথা বলে রাখি, গ্রীষ্মকালে এই জায়গাগুলো দেখতে সুন্দর ঠিকই। তবে শীতের সময়ে এখানে ঘুরতে যাওয়ার মজাই আলাদা।

এই তালিকার একদম প্রথমেই থাকবে বড়ন্তির নাম।

বড়ন্তি

হালকা শীতে 'লাল-পাহাড়ির দেশে' কোনও এক শনি-রবিতে নিভৃতে ছুটি কাটানোর জন্য আদর্শ জায়গা এই বড়ন্তি। প্রকৃতির কোলে শাল-শিমূল, মহুয়া, পলাশ, পিয়াল, সেগুন সব ধরনের গাছের বনের মধ্যিখানে ছোট্ট একটা জায়গা যেন আমাদের জন্যই তৈরি করে রেখেছে পুরুলিয়া। বড়ন্তির এই প্রাকৃতিক শোভা উপভোগ করবেন পরিবারের প্রতিটি সদস্যই।

কীভাবে যাওয়া হবে?

নিজের গাড়িতে না গেলে শিয়ালদহ বা হাওড়া থেকে আসানসোলগামী যে-কোনও ট্রেনে চেপে বসুন। আসানসোল থেকে আদ্রা এবং আদ্রা থেকে সামান্য পথ বড়ন্তি।

কোথায় থাকবেন?

পলাশবাড়ি ইকোলজিক্যাল রিসোর্ট থাকার জন্য বেশ ভালো। রাত কাটাতে হলে মোটামুটি ১,০০০ টাকা থেকে ২,০০০ টাকা মাথা পিছু খরচ হতে পারে প্রতিদিন ঘর ভাড়া হিসেবে। এছাড়া মানভূম হলিডে হোমও থাকার জন্য বেশ ভালো।

এরপরেই আসবে হেনরি আইল্যান্ডের কথা

হেনরি আইল্যান্ড

হেনরি আইল্যান্ড ম্যানগ্রোভ ঘেরা শান্ত, নিরিবিলি সমুদ্র সৈকতে শীতে বেড়ানোর জন্য দারুণ এক জায়গা। বকখালির একেবারেই কাছে নির্জন এক জায়গা। কলকাতা থেকে এর দূরত্ব মাত্র ১৩০ কিলোমিটার। লোকাল ট্রেনে করে ৩ ঘণ্টায় নামখানা পৌঁছে, সেখান থেকে সড়কপথে সহজেই পা রাখা যায় হেনরি আইল্যান্ডে। সুন্দরবনের পশ্চিমদিকে পশ্চিমবঙ্গের সেরা বিচ রিসর্ট রয়েছে এখানে। আর দেরি না করে এই শীতে হেনরি আইল্যান্ড ঘুরে আসুন প্রিয়জন বা পরিবারকে নিয়েও।

কিভাবে যাবেন?

শিয়ালদহ থেকে লক্ষ্মীকান্তপুর লোকাল বা নামখানা লোকাল ধরে নামখানা স্টেশনে নেমে গাড়িতে সোজা

হেনরি আইল্যান্ড

হেনরি আইল্যান্ড।

কী কী দেখবেন?

রোজকার ব্যস্ততাকে নিজের জীবন থেকে একটু দূরে সরিয়ে রাখতে চাইলে এমন অফবিট জায়গা উইকেন্ডের জন্য পারফেক্ট। সবুজ ম্যানগ্রোভ, পায়ের নিচে সমুদ্রের ছোট্ট ছোট্ট ঢেউ, রাতের বেলায় বনফায়ার, সব মিলিয়ে এক দারুণ প্রাপ্তি।

এই তালিকায় তৃতীয়ে নাম থাকবে অবশ্যই গনগনির।

গনগনি

গনগনি বর্তমানে একটি জনপ্রিয় ভ্রমণ গন্তব্য

গনগনি

কলকাতাবাসীর কাছে। অনেকেই কলকাতা থেকে মাত্র কয়েক ঘণ্টার দূরত্বে শিলাবতী নদীর ধারে অবস্থিত এই গনগনি'কে 'বাংলার গ্র্যান্ড ক্যানিয়ন'ও বলে থাকেন। এর ভূপ্রকৃতি যেকোনও কারও ভাল লাগতে বাধ্য। সঙ্গে জঙ্গল যদি আপনার পছন্দের হয় তাহলে গনগনি এই শীতের জন্য বেস্ট ডেস্টিনেশন।

কিভাবে যাবেন?

ট্রেন— হাওড়া, শালিমার বা সাঁতরাগাছি থেকে ট্রেনে করে পৌঁছে যান গড়বেতায়। এই গড়বেতার কাছেই গনগনি।

বাস— বাসে করেও হাওড়া এবং ধর্মতলা থেকে গনগনি আসা যায়।

গাড়ি— ৬ নং জাতীয় সড়ক ধরে পাঁশকুড়া, ঘাটাল, চন্দ্রকোনা হয়ে পৌঁছে যাওয়া যায় গনগনিতে।

কোথায় থাকবেন?

আশেপাশে ১-২ দিন থাকার জন্য রিসর্ট আছে। গড়বেতায় সোনাঝুরি গেস্ট হাউজ এবং আপ্যায়ন লজের মতো অনেকগুলো ভাল লজ আছে।

এই তালিকা থেকে কখওনই বাদ দেওযা যাবে না বাঁকিপুটের নামও।

বাঁকিপুট

শহরের কোলাহল থেকে একটু নিভৃত অবসর খুঁজতে চাইলে চলে যেতে পারেন বাঁকিপুটে। মন্দারমনি-তাজপুরের ভিড় নেই এখানে, অথচ রয়েছে অপূর্ব প্রাকৃতিক সৌন্দর্য! শীতকালে সমুদ্র সৈকতে একটা উইকেন্ড কাটানোর জন্য এর থেকে ভালো ডেস্টিনেশন বোধহয় কিছু হতেই পারে না কলকাতাবাসীর জন্য। শুধু সমুদ্র নয়, এখানে দেখার মতো রয়েছে এক শতাব্দীপ্রাচীন মন্দির, যার উল্লেখ রয়েছে কপালকুণ্ডলা উপন্যাসেও।

কীভাবে যাবেন?

যদি বাসে যান, তা হলে যে-কোনও দিঘাগামী বাসে উঠে পড়ুন। এরপর কাঁথিতে নেমে সেখান থেকে গাড়ি ভাড়া করতে হবে বাঁকিপুটের জন্য। কাঁথি থেকে গাড়িতে প্রায় মিনিট ৪০ সময় লাগে বাঁকিপুটে পৌঁছতে। রিজার্ভ করা গাড়িতে গেলে খরচ মোটামুটি হাজার খানেক।

কোথায় থাকবেন?

বাঁকিপুটে খুব বেশি থাকার জায়গা নেই তবে ঝিনুক রেসিডেন্সিতে থাকতেই পারেন। এখানে খাওয়ার ব্যবস্থাও বেশ ভালই। আর রাতে থাকার জন্য ঘর ভাড়া বাবদ খরচ ১,৬০০ টাকা করে।

এই তালিকায় রাখতেই হবে চুপির চর-এর নাম।

চুপির চর

ব্যস্ত জীবনকে একটু পিছনে ফেলে এই শীতে কিছুটা সময় প্রিয়জনদের সাথে কাটানোর এক অনবদ্য জায়াগা হল এই চুপির চর। কলকাতা থেকে ঢিল ছোঁড়া দুরত্বে, নদিয়া-বর্ধমান সীমান্তে রয়েছে পূর্বস্থলি বা চুপির চর যে নামেই ডাকুন। তবে এই চুপির চর কিন্তু বিখ্যাত পরিযায়ী পাখি দেখার জন্য। ফলে শান্ত জলে ছোট্ট নৌকায় হাতে বাইনোকুলার নিয়ে উপভোগ করতেই পারেন পরিযায়ী পাখিদের সব কার্যকলাপ। আর যাঁদের মাছ ধরার নেশা আছে তাঁরা ছিপ হাতে ছোট মাছও ধরতেই পারেন এই চুপির চরে বসে। চাইলে একটা বা দুটো দিন থেকেও যেতে পারেন। সে বন্দোবস্তও আছে এখানে।

কিভাবে যাবেন?

ট্রেনে— হাওড়া বা শিয়ালদহ থেকে কাটোয়া লোকাল ধরুন আর আপনি প্রায় আড়াই ঘন্টার মধ্যে পূর্বস্থলী স্টেশন। সেখান থেকে একটি টোটো ভাড়া করে সোজা পৌঁছে যান চুপির চর'-এ।

বাসে — কলকাতা থেকে নবদ্বীপ বা মায়াপুর যাওয়ার যে কোনও বাসেও যাওয়া যেতে পারে।

গাড়িতে— কলকাতা থেকে পূর্বস্থলী বা চুপির চরের দূরত্ব মাত্র ১২০ কিলোমিটার। ব্যারাকপুর এবং কল্যাণী এক্সপ্রেসওয়ে ধরে ঈশ্বর গুপ্ত সেতু পেরিয়ে চলে আসুন ত্রিবেণী। তারপর সপ্তগ্রাম-ত্রিবেণী-কালনা-কাটোয়া রোড ধরে সমুদ্রগড় হয়ে চলে আসুন চুপির চর।

কোথায় থাকবেন?

বাঁকিপুট

পূর্বস্থলী ব্লক ডেভেলপমেন্ট অফিস ও স্থানীয় পঞ্চায়েতের তত্ত্বাবধানে গেস্টহাউস, বাংলো রয়েছে।

ভারত-বাংলাদেশ সীমান্তের বন-জঙ্গলের শোভা আপনাকে মুগ্ধ করবে। এর শোভা দেখার মতো হয় শীতকালে। সঙ্গে উপরি পাওনা বলতে নদীর পাড়ে ১-২ দিনের জন্য ক্যাম্পিংয়ের আনন্দ উপভোগ করতে পারেন। কাছেই রয়েছে মাছরাঙা দ্বীপ, কুলেশ্বরী মন্দির, জোড়া সাহিব মন্দির ও দুর্গাদালান। একদিন সময় নিয়ে এগুলো দেখে না এলে অনেক কিছু মিস করবেন এটা

গোলপাতা জঙ্গল


চুপির চর

তবে তা আগে থেকে বুক করে যাওয়াই শ্রেয়।

এরপরের ডেস্টিনেশন হিসেবে অবশ্যই থাকবে গোলপাতা জঙ্গল।

গোলপাতা জঙ্গল

গোলপাতার জঙ্গল, কথাটা শুনলেই সুন্দরবনের কথা সর্বপ্রথম মনে পড়ে। এটি সুন্দরবন থেকে অনেক দূরে নয়। তবে সুন্দরবন না পৌঁছেও সুন্দরবনের অনুভূতি পেতে পাবেন এখানে। কলকাতা থেকে প্রায় ৭৫ কিলোমিটার দূরে উত্তর ২৪ পরগনার টাকিতে ইছামতী নদী বরাবর বলতেই পারি।

কিভাবে যাবেন?

শিয়ালদাহ থেকে লোকাল ট্রেনে করে টাকি রোড স্টেশন। সেখান থেকে অটো অথবা রিক্সা।

কোথায় থাকবেন?

টাকি ইছামতির তীরে অজস্র ভালো সরকারি ও বেসরকারি হোটেল ও লজ আছে।

সুতরাং আর দেরি নয়। উইক এন্ডে ঝটপট জামাকাপড় গুছিয়ে বেরিয়ে পড়ুন পছন্দের ডেস্টিনেশনে।